# Determination of Causes of Deaths by Verbal Autopsy (VA)

**June 2021**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

*BANGLADESH BUREAU OF STATISTICS*

Civil Registration and Vital Statistics (CRVS) Project

STATISTICS AND INFORMATICS DIVISION (SID), MINISTRY OF PLANNING

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

DHAKA, BANGLADESH

www.bbs.gov.bd

## Background:

Bangladesh, a nation with a population of about 170 million people, is presently undergoing a fast epidemiological transformation. In the last two decades, under-five mortality has dropped substantially, from 97 per 1,000 live births in 1998 [1] to 28 in 2020 [2]. Furthermore, like in other South Asian nations, non-communicable diseases (NCD) are becoming more important as a cause of death and poor health as a result of changing diets and other lifestyle variables connected to an aging population and urbanization [3]. These trends underscore the need for a consistent and timely source of cause of death (COD) data in Bangladesh to enable policymakers to spend resources more effectively and efficiently to enhance public health.

To address this problem, the Government of Bangladesh has launched the Civil Registration and Vital Statistics (CRVS) project in 2016 to improve birth and death notification, registration, COD identification, and COD data analysis. To identify the cause of community death, a procedure named verbal autopsy has been introduced, and the Directorate General of Health Services (DGHS) has already done routine surveillance in 13 upazilas between October 2017 and August 2019, and there has been a journal based on this research [4]. VA is a technique for determining the COD that involves interviewing the last caregiver of the decedent and collecting information on the deceased's signs and symptoms prior to death using a specific, structured set of questions. It is the only way to get a plausible COD when a physician cannot assign a medically certified COD. Bangladesh Bureau of Statistics is doing this pilot project to understand the procedures and analyze the survey data, and if needed in the future, this VA system can be expanded on a large scale.

The implementation of automated VA in Bangladesh is a major project that has the potential to give policymakers important information about community COD, allowing them to make better decisions. The value of automated VA as a routine source of policy-relevant information on levels and trends of causes of mortality in rural Bangladesh is examined in this article. First, we use a stepwise plausibility analysis and software tool created by the University of Melbourne to analyze the plausibility of the outcomes of over 310 VAs gathered

in the research locations. We then utilize this new data to better identify the primary causes of community fatalities in 50 PSUs across Bangladesh, so that policy and practice may be better informed.

# Methods:

## Sample:

Improved death registration and automated VA have been implemented in 40 zilas of 8 divisions of Bangladesh following a test in 50 randomly chosen PSUs for 2012 PSUs as used in the MSVSB Project. The data collection was undertaken in June 2021 and there were altogether 310 deaths as recorded by the collectors.

## Death Identification and VA Data Collection:

During their regular household visits, local female registrars were trained and given the responsibility of identifying and reporting deaths in the community. After confirming the death, the local registrar along with a collector scheduled a meeting with the family to perform a VA interview, allowing for a suitable morning time of one to three months, but no more than one year after the death. The collectors were trained how to choose the best response and perform the VA interview on a tablet computer. Using the mobile network, completed interview forms were then submitted to the Open Data Kit (ODK) Central server.

## VA Instrument, Data Management and Assigning Causes of Death:

Since the VA instrument of DGHS was dependent on a 17 digit VA id, and the VA id the government death registration number, some changes have been made in generating the 17 digit VA id with our PSU information to suit the need for the current purpose of VA.

The causes of deaths were analyzed by the Smart VA Analyze Application 2.1.0 [5]. Based on the Tariff 2.0 diagnostic technique, this program assigns the most likely COD from a target causes a list of 33 adult deaths, 22 child deaths, and 6 newborn deaths [6, 7]. Tariff 2.0 generates two major outputs: a COD prediction file for each person and a VA population cause-specific mortality fraction (CSMF) file. Deaths with insufficient information for Smart VA Analyze to accurately predict a COD are assigned an "undetermined" COD in the individual prediction file. Undetermined CODs are redistributed among all other stated VA CODs at the population level (represented by the CSMF). The procedures are detailed elsewhere.

## Analysis Plan/VA COD Plausibility Analysis:

To examine the plausibility of the VA data, the analyzed VA data were analyzed deeply into the VIPER (Verbal Autopsy Interpretation, Performance, and Evaluation Resource) tool again after smart VA analysis [8]. This tool and its accompanying guidelines, follow four steps to assist with interpreting VA data which investigate the (i). characteristics of the VA population, (ii). the completeness of VA death reporting using the empirical completeness method, (iii). the plausibility of the age-sex distribution of VA death, and (iv). the plausibility of the cause-specific mortality fractions (CSMF) from VA.

## Ethical Considerations:

The family of the dead individual gave informed verbal consent, and the Bangladesh Bureau of Statistics, Statistics and Information Division under the Ministry of Planning authorized this consent method for the VA interview in Bangladesh. Participation was completely optional, and participants had the option to decline or withdraw at any point during the data collecting process.

Only one family declined the interview, which was always held in a private location. The full data set was maintained in a safe and private manner. As needed, emotional assistance was provided to informants. Participants were not put in any danger, and they were not compensated for participating in this study.

# Results:

## Bangladesh

| Age Category | Number of VA | Proportion of VA | Proportion of deaths (GBD Estimates) |
|---|---|---|---|
| Adult | 283 | 92% | 85% |
| Child | 11 | 4% | 7% |
| Neonate | 12 | 4% | 8% |
| Total | 309 | 100% | 100% |

***Table 1:*** *Age wise category of VA*

Out of 309 VA cases, there were 283 (92%) adult cases, 11 (4%) child cases, and 12 (4%) neonate cases in this survey (Table 1) and there were 173 (56%) males and 136 (44%) females.

## Age-Sex Distribution of Deaths:




***Fig. 1:*** *Age-sex distribution of death*

The age-sex distribution of the VA deaths is shown in Fig 1. Above the age of 40, the group of 80 years+ has the highest death rate with 23.7% male cases and 19.9% female cases, after that 60-64 age group has the second-highest death cases with 11.6% of male cases and 13.2% of female cases. And in below age 40, early neonates have a higher death rate with 2.3% male cases and 2.9% female cases.

# Discussions:




***Fig. 2:*** *Top 15 causes of adult death*

According to the research (fig. 2), the top 15 causes of death are stroke (27.5%), ischemic heart disease (17.3%), chronic respiratory (14.4%), falls (6.6%), diabetes (3.8%), pneumonia (3.3%), cirrhosis (3.1%), other non-communicable diseases (2.6%), esophageal cancer (2.2%), chronic kidney disease (2.1%), suicide (1.8%), lung cancer (1.7%), cervical cancer (1.5%), road traffic (1.5%), diarrhea/dysentery (1.3%). From the data, it has been seen that majority community deaths are caused by non-communicable diseases (NCD).

But here Pneumonia has been identified as the sixth leading cause of death for both male and female adults. Since the survey and analysis have been done among the deaths that occurred between January 2020 and December 2020, pneumonia can be regarded as a representation of Covid-19 death, and its prevalence is 3.3% among the total VA cases.




***Fig. 3:*** *Top 15 causes of adult male death*

The top 15 causes of death in adult males according to VA are shown in Fig 3. And the leading cause of adult male death is stroke with 24.1%. The second cause is ischemic heart disease with 18.3% and third cause is chronic respiratory illness with 17.1% of cases respectively.




***Fig. 4:*** *Top 15 causes of adult female death*

The top 15 causes of death in adult females according to VA are shown in Fig 4. And the leading cause of adult female death is also stroke with 31.5%. The second cause is ischemic heart disease with 15.7% and third cause is chronic respiratory illness with 10.7% of cases respectively.




***Fig. 5:*** *Top causes of child death*

After analyzing the CSMF (Cause Specific Mortality Fraction), the top causes of death in child according to VA are shown in Fig 5. And the leading cause of child death is childhood cancer. The second cause is drowning and third is pneumonia.




***Fig. 6:*** *Top causes of neonate death*

After analyzing the CSMF (Cause Specific Mortality Fraction), the top causes of death in neonates according to VA are shown in Fig. 6. And the leading cause of neonate death is also preterm delivery. The second cause is neonatal pneumonia and the third is birth asphyxia.




***Fig. 7:*** *COD by broad disease grouping*

It is seen from fig. 7 in broad disease grouping that group I contains 12% of cases, group II contains 75% cases and group III contains 13% cases where group I resembles communicable diseases, group II resembles non-communicable diseases and group III resembles injuries or external causes. The majority of the deaths in the community are due to non-communicable diseases.

## Conclusions:

This pilot project for VA from Bangladesh Bureau of Statistics clearly shows that VA can be an ideal method for quick analysis and interpretation of cause of death data from community level. It also helps in label the cause of death data with ICD coding which is international standard. Since Bangladesh lacks a well-established system for obtaining reliable COD mortality statistics, VA will be crucial in obtaining trustworthy information on the health status of the rural people.

Therefore, automated VA approaches like SmartVA are possible in Bangladesh and should be quickly scaled up inside the CRVS system to enable routine use to establish the primary causes of community mortality in different regions of the nation.

## References:


1. IGME UN Inter-agency Group for Child Mortality Estimation. Under-five Mortality Rate 2018 [Available at: https://childmortality.org/data/Bangladesh].
2. Report on Bangladesh Sample Vital Statistics 2020, Bangladesh Bureau of Statistics [Available at: http://bbs.portal.gov.bd/sites/default/files/files/bbs.portal.gov.bd/page/b343a8b4_956b_45ca_872f_4cf9b2f1a6e0/2021-06-28-07-11-c1784c6fe700cf52ff934e8dd7cf9147.pdf].
3. Rawal LB, Biswas T, Khandker NN, Saha SR, Bidat Chowdhury MM, Khan ANS, et al. Non-communicable disease (NCD) risk factors and diabetes among adults living in slum areas of Dhaka, Bangladesh. PLOS ONE. 2017;12(10):e0184967.
4. Shawon, M. T. H., Ashrafi, S. A. A., Azad, A. K., Firth, S. M., Chowdhury, H., Mswia, R. G., ... & Lopez, A. D. (2021). Routine mortality surveillance to identify the cause of death pattern for out-of-hospital adult (aged 12+ years) deaths in Bangladesh: introduction of automated verbal autopsy. *BMC public health*, *21*(1), 1-11.
5. Institute of Health Metrics and Evaluation. Verbal Autsopsy Tools [Available at: http://www.healthdata.org/verbal-autopsy/tools.].

6. James SL, Flaxman AD, Murray CJ, Population Health Metrics Research C. Performance of the Tariff Method: validation of a simple additive algorithm for analysis of verbal autopsies. Popul Health Metr. 2011;9:31.
7. Serina P, Riley I, Stewart A, James SL, Flaxman AD, Lozano R, et al. Improving performance of the Tariff Method for assigning causes of death to verbal autopsies. BMC Med. 2015;13:291.
8. D4H Technical Working Group. Verbal Autopsy Interpretation, Performance and Evaluation Resource (VIPER) v0.9, CRVS Resources and Tools. Melbourne, Australia, Bloomberg Philanthropies Data for Health Initiative, Civil Registration and Vital Statistics Improvement: the University of Melbourne; 2019.; 2019 [Available at: https://crvsgateway.info/VIPER].

# Bibliography:

1. Verbal Autopsy Interviewer's (Shortened) Manual

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# ভারবাল অটোপসি ইন্টারভিউয়ার্স (সংক্ষিপ্ত) ম্যানুয়াল
# Verbal Autopsy Interviewer's (Shortened) Manual

জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক
পরিসংখ্যান উৎপাদন সংযোগ সৃষ্টিকরণ (সিআরভিএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

# ভারবাল অটোপসি ইন্টারভিউয়ার্স (সংক্ষিপ্ত) ম্যানুয়াল
# Verbal Autopsy Interviewer's (Shortened) Manual

জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধকরণ তথ্যের সাথে মৌলিক জনতাত্ত্বিক পরিসংখ্যান
উৎপাদন সংযোগ সৃস্টিকরণ (সিআরভিএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

--------------------------------------প্রকাশকাল--------------------------------------
মে, ২০২১

--------------------------------------ডিজাইন ও মুদ্রণ--------------------------------------
নিলমনি প্রিন্টিং প্রেস, ১০-মিরপুর, (গোলচক্কর), ঢাকা

# পটভূমি

## ম্যানুয়াল সম্পর্কিত

এই ম্যানুয়ালটি **ভারবাল অটোপসির**[১] (মৌখিক ময়না তদন্ত) নির্ভরযোগ্য এবং যৌক্তিক তথ্য পাওয়ার জন্য সাক্ষাৎকারগ্রহণকারীদের জন্য নিয়মতান্ত্রিকভাবে তথ্য সংগ্রহের লক্ষ্যে তৈরি। এখানে ভারবাল অটোপসি করার জন্যে সাক্ষাৎকারগ্রহণকারীর দায়িত্ব এবং কর্মপদ্ধতি সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। এছাড়াও এই ম্যানুয়ালে ট্যাবলেটের মাধ্যমে পিএইচএমআরসি ভিএ **সংক্ষিপ্ত প্রশ্নমালা** এবং ওপেন ডাটা কিট কালেক্ট সফটওয়ারের স্মার্ট ভিএ ইলেকট্রনিক ভার্সন ব্যবহার করে কিভাবে তথ্য সংগ্রহ করতে হবে তা দেখানো হয়েছে। এই ম্যানুয়াল *ভিএ টেকনিকাল ইউজারগাইডের* সাথে সংযোগ তৈরীতে ব্যবহার করা যেতে পারে যেখানে ট্যাবলেট ব্যবহার করে প্রযুক্তিগতভাবে তথ্য সংগ্রহ এবং সংস্করন করা সম্পর্কে আরো তথ্য দেয়া আছে।

## ম্যানুয়াল কিভাবে ব্যবহার করবেন

এই ম্যানুয়াল, সাক্ষাৎকারগ্রহণকারী কিভাবে কাজ করবে এবং কি কি কাজ করবে সেই বিষয়ের প্রশিক্ষণ এবং সহায়ক নির্দেশিকা হিসেবে ব্যবহার করা যাবে। শোক সন্তপ্ত পরিবারের সাথে ভারবাল অটোপসি সাক্ষাৎকারের সময় মৃত্যু চিহ্নিতকরন প্রতিবেদনের পদ্ধতি কি হবে এবং কি পদ্ধতি অনুসরণ করতে হবে এই ম্যানুয়ালে সেই দিকনির্দেশনা দেয়া আছে। যারা সাক্ষাৎকারগ্রহণকারীদের তদারকি করবে অর্থাৎ সুপারভাইজার এবং যারা ভিএ কার্যক্রমগুলো সমন্বয় করবে এই ম্যানুয়ালটি তাদের জন্যে রেফারেন্স হিসেবে কাজ করবে। এছাড়াও যারা **ভিএ সাক্ষাৎকারগ্রহণকারী**দের প্রশিক্ষণ দিবে তাদের জন্যেও এটি সহায়ক। ভিএ সাক্ষাৎকারগ্রহণকারীদের এই ম্যানুয়ালটি প্রশিক্ষণের সময় সতর্কতার সাথে পর্যালোচনা করতে হবে এবং সাক্ষাৎকারের সময় প্রয়োজনানুযায়ী ম্যানুয়ালে ফিরে যেতে হবে।

## ভারবাল অটোপসি

যখন কোন মৃত্যু হাসপাতালের বাহিরে কিংবা হাসপাতালে হয় কিন্তু ডাক্তারী পরীক্ষা করার পর্যাপ্ত সময় থাকেনা, মৃত্যুর আগে বা পরে অল্প সময় হাসপাতালে থাকার ফলে অথবা সীমিত ডায়গনস্টিক সামর্থ্যের জন্যে পরীক্ষা করা সম্ভব হয় না, সেসব মৃত্যুর লক্ষণ বুঝে কারণ বের করবার জন্যে একটি পরোক্ষ পদ্ধতি হচ্ছে ভারবাল অটোপসি (মৌখিক ময়না তদন্ত)। ভারবাল অটোপসি একটি পদ্ধতি,যার মাধ্যমে মৃত ব্যক্তির মৃত্যুর সাথে সম্পর্কিত রোগের লক্ষণ ও পরিস্থিতি সম্পর্কে তথ্য সংগ্রহ করে মৃত্যুর একটি কারণ চিহ্নিত করা যায়। এই প্রক্রিয়াটি তিনটি মৌলিক পদক্ষেপের মাধ্যমে করতে হয়: ১) খানায় (অথবা যথাযথ স্থানে) ভারবাল অটোপসির সাক্ষাৎকার নেয়ার জন্যে প্রশিক্ষণপ্রাপ্ত ভিএ কর্মী ঠিক করা; ২) মৃত ব্যক্তির মৃত্যুর আগের রোগের/ঘটনার লক্ষণ ও পরিস্থিতি সম্পর্কে তথ্য সংগ্রহ করার জন্যে সাক্ষাৎকার গ্রহন; এবং ৩) উপযুক্ত মৃত্যুর কারণ চিহ্নিত করার লক্ষ্যে সংগৃহীত তথ্য ব্যাখ্যা করা।

---

[১]মোটা অক্ষরে লেখা শব্দগুলোর সংজ্ঞা পরিশিষ্টে দেয়া আছে।

## পিএইচএমআরসির সংক্ষিপ্ত ভারবাল অটোপসি প্রশ্নমালার সংক্ষিপ্ত বিবরণ

### ইলেকট্রনিক সংক্ষিপ্ত ভিএ প্রশ্নমালা

পিএইচএমআরসি সংক্ষিপ্ত প্রশ্নমালা ভিএ করার জন্যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থারস্ট্যান্ডার্ডের উপর নির্ভর করে পপুলেশন হেলথ মেট্রিক্স রিসার্চ কনসরটিয়ামের (পিএইচএমআরসি) গবেষণাদল[1] তৈরী করেছে।এই প্রশ্নমালার মাধ্যমে ফিজিসিয়ান/ডাক্তার ছাড়া ইলেকট্রনিকালি তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা সম্ভব, এটি সহজে ব্যবহার উপযোগী, এবং বিজ্ঞানসম্মত একটি পদ্ধতি যার মাধ্যমে স্বাস্থ্যকেন্দ্রের বাহিরে সংঘটিত মৃত্যুর কারণ সম্পর্কিত তথ্য সংগ্রহ করা সম্ভব। এই প্রশ্নমালা চারটি মডিউল নিয়ে গঠিত:

১. সকল মৃতব্যাক্তির জন্যে সাধারণ তথ্যাবলীর মডিউল;

২. নবজাতক (০-২৮দিন) মৃত্যু এবং মৃতজন্ম (স্টীলবার্থ) জন্যে বয়স-ভিত্তিক মডিউল;

৩. শিশু (২৯দিন - ১১বছর) মৃত্যুর জন্যে বয়স-ভিত্তিক মডিউল;

৪. কিশোর এবং প্রাপ্তবয়স্ক (১২বছর অথবা তার উর্দ্ধে) মৃত্যুর জন্যে বয়স-ভিত্তিক মডিউল।

এই পিএইচএমআরসি ভিএ প্রশ্নমালায় মৃত ব্যাক্তির মৃত্যু সম্পর্কিত লক্ষন, স্বাস্থ্যসেবা গ্রহণ/অভিজ্ঞতা, জনসংখ্যার বৈশিষ্ট্যসমুহ, ঝুকির সম্ভাব্য কারণ (যেমন মাদক ব্যবহার) এবং অন্যান্য সম্ভাব্য বৈশিষ্ট্য সম্পর্কে তথ্য সংগ্রহ করার জন্যে বিভিন্ন প্রশ্ন যুক্ত করা হয়েছে। ঈঈঈ

স্মার্ট ভিএ কি?

স্মার্ট ভিএ হচ্ছে একটি প্যাকেজ যেখানে পিএইচএমআরসি সংক্ষিপ্ত প্রশ্নমালা, তথ্যাবলী সংগ্রহের জন্যে ওপেন ডাটা কিট (Open data kit) এবং ভিএ কম্পিউটার সার্টিফিকেটের জন্যে স্মার্ট ভিএ-এনালাইজ রয়েছে। স্মার্ট ভিএ ভারবাল অটোপসি সাক্ষাৎকারের তথ্যাবলী নেয় (তথ্যাবলী এনড্রয়েড ডিভাইজের ওপেন ডাটা কিট কালেক্ট সিস্টেমের মাধ্যমে ইলেকট্রনিকালি পিএইচএমআরসি ইন্সট্রুমেন্ট ব্যবহার করে সংগ্রহ করা হয় ) এবং ব্যাক্তিগত ও সমষ্টিগত পর্যায়ে মৃত্যুর সম্ভাব্য কারণ চিহ্নিত করে দেয়। পিএইচএমআরসি গোল্ড স্ট্যান্ডার্ড ভিএ ভেলিডেশন স্টাডির অংশ হিসেবে পপুলেশন হেলথ মেট্রিক্স রিসার্চ কনসরটিয়াম (পিএইচএমআরসি), গোল্ড স্ট্যান্ডার্ড ভিএ ডাটাবেসের মাধ্যমে আইএইচএমই টেরিফ ২.০ ভারবাল অটোপসি মৃত্যুর কারণ চিহ্নিতকরনের পদ্ধতি যাচাই এবং নির্ধারণ করাহয়।[2]

[1] আরো তথ্যের জন্য দেখুনhttp://www.healthdata.org/population-health-metrics-research-consortium-phmrc

[2] আরো তথ্যের জন্য দেখুনhttp://pophealthmetrics.biomedcentral.com/articles/10.1186/1478-7954-9-27

## সূচীপত্র

**পটভুমি** ........ **৩**
**ম্যানুয়াল সম্পর্কিত** ........ **৩**
ম্যানুয়াল কিভাবে ব্যবহার করবেন........ ৩
ভারবাল অটোপসি........ ৩
পিএইচএমআরসির সংক্ষিপ্ত ভারবাল অটোপসি প্রশ্নমালার সংক্ষিপ্ত বিবরণ ........ ৪
**১ভিএ সাক্ষাতকার গ্রহনকারীর ভূমিকা ও দায়িত্ব** ........ **৭**
১.১ কার্যক্রম ও কাজের সংক্ষিপ্ত বিবরণ........ ৭
১.২ নৈতিক প্রশিক্ষন........ ৭
১.৩ গোপনীয়তা........ ৭
১.৪ তথ্য বিকৃতকরণ........ ৭
**২ দাপ্তরিক বিষয় ও সাধারণ নির্দেশাবলী** ........ **৭**
২.১ প্রয়োজনীয় উপকরণ ........ ৭
২.২ ভিএ কেস কিভাবে নির্বাচণ করা হয়?........ ৮
২.৩ সুবিধা ও পেমেন্ট সংক্রান্ত প্রশ্নের জবাব........ ৮
২.৪ কাজ সম্পর্কিত তত্ত্বাবধায়কের পর্যালোচনা ........ ৮
**৩ উত্তরদাতা নির্বাচন** ........ **৮**
৩.১ পরিবারের সহযোগীতা ও আস্থা অর্জন ........ ৮
৩.২ সবচেয়ে ভালো উত্তরদাতা কিভাবে নির্বাচন করা হয়........ ৯
৩.৩ উত্তরদাতার কাছে কিভাবে অগ্রসর হবেন........ ৯
৩.৪ সাক্ষাৎকারের জন্য পরিবেশ নির্বাচন ........ ১০
৩.৫ জটিল উত্তরদাতা কিভাবে পরিচালনা করবেন........ ১০
৩.৬একাধিক উত্তরদাতাকে কিভাবে পরিচালনা করবেন?........ ১০
৩.৭ যদি সম্ভাব্য উত্তরদাতা না পাওয়া যায় অথবা সাক্ষাৎকার দিতে অস্বীকৃতি জানায় তাহলে কি করবেন? ........ ১০
৩.৮ যদি একজন উত্তরদাতা বলেন ইতিমধ্যে ভিএ সম্পন্ন হয়েছে ........ ১১
৩.৯ সর্বাধিক জিজ্ঞাসিত প্রশ্ন ও অভিযোগসমূহ ........ ১১

**৪ কিভাবে প্রশ্ন করতে হবে? ........ ১১**

৪.১ আপনার পরিচয় দিন........ ১১

৪.২ উত্তরদাতার সাথে সম্পর্ক স্থাপন ........ ১২

৪.৩ কিভাবে প্রশ্ন পড়বেন........ ১২

৪.৪ কিভাবে পর্যাপ্ত উত্তর পাওয়া যায় ?........ ১২

৪.৫ স্কিপ প্যাটার্ন ও বিশেষ বিভাগ........ ১২

৪.৬ ভিএ প্রশ্নমালা পুরণের সাধারণ নির্দেশনা........ ১২

৪.৭ ট্যাবলেট ব্যবহারের সাধারণ নির্দেশনা........ ১৩

**৫ সাধারণ তথ্য মডিউলের জন্য নির্দেশনা........ ১৮**

**6:নবজাতক মৃত্যু এবং মৃতজন্ম (স্টীলবার্থ) জন্যে বয়স-ভিত্তিক মডিউল........ ২৫**

**৭: শিশু মৃত্যুর জন্যে বয়স-ভিত্তিক মডিউল........ ৪২**

**৮: কিশোর এবং প্রাপ্তবয়স্ক মৃত্যুর জন্যে বয়স-ভিত্তিক মডিউল........ ৫৫**

**পরিশিষ্ট : ........ ৭৭**

# ১ ভিএ সাক্ষাতকার গ্রহনকারীর ভূমিকা ও দায়িত্ব

## ১.১ কার্যক্রম ও কাজের সংক্ষিপ্ত বিবরণ

একজন ভারবাল অটোপসির সাক্ষাৎকার গ্রহনকারী হিসেবে আপনি নমুনা এলাকার খানায় নিজের দেশ/শহরকে প্রতিনিধিত্ব করবেন। আপনি শোক সন্তপ্ত পরিবারে ভিএ সাক্ষাৎকার নিবেন। একজন সাক্ষাৎকারগ্রহনকারী হিসেবে, আপনাকে যা করতে হবে:

- সুপারভাইজারের সাথে দেখা করে আপনার নমুনা এলাকার সংঘটিত মৃত্যুর রিপোর্ট নিতে হবে
- শোক সন্তপ্ত পরিবারে দেখা করে সাক্ষাৎকারের জন্যে তারিখ/সময় নির্ধারন করতে হবে
- নির্ধারিত তারিখে/ সময়ে শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের সাথে ভিএ সাক্ষাৎকার নিতে হবে এবং সঠিকভাবে সম্পূর্ন ভিএ ফর্ম পুরণ করতে হবে
- আপনার অগ্রগতি সম্পর্কে সুপারভাইজারকে জানাতে হবে এবং সম্পন্ন কাজ সুপারভাইজারকে পাঠাতে হবে

## ১.২ নৈতিক প্রশিক্ষন

আপনার প্রশিক্ষনের সময় নৈতিক প্রশিক্ষণ মডিউল পূরণ  করতে হবে। এর মাধ্যমে তথ্য সংগ্রহের মৌলিক ধারণা সম্পর্কে যেমন গোপনীয়তা, সম্মতি নেয়া এবং তথ্যের বিকৃতকরণ এসকল বিষয় সম্পর্কে আপনার ধারণা পর্যালোচনা করা হবে। এর মাধ্যমে আপনার এই বিষয়ে সংবেদনশীলতা এবং গোপনীয়তা ও সম্মতি প্রদান সম্পর্কে সচেতনতা কতখানি তা নিশ্চিত হওয়া যাবে। এটা খুবই গুরুত্বপূর্ণ। যেকোন সাক্ষাৎকার শুরু করার পূর্বে আপনি অবশ্যই উত্তরদাতাকে সম্মতিপত্র পড়ে শোনাবেন এবং তাদের সম্মতি নিবেন। সম্মতিপত্রের একটি মডেল/ স্ট্যান্ডার্ড ট্যাবলেটে দেয়া আছে।

## ১.৩ গোপনীয়তা

ভিএ তথ্যসমুহ আপনি নিরাপদ এবং গোপন রাখবেন এবং এই বিষয়টি খুবই গুরুত্বপুর্ন। আপনি প্রদত্ত তথ্য নিয়ে এমন কারো সাথে আলোচনা করা, গল্প করা অথবা তথ্য দেখাতে পারবেন না যে কিনা এই সার্ভিলেন্স সিস্টেমের অনুমোদিত অফিসার নয়।

## ১.৪ তথ্য বিকৃতকরণ

আপনার কাজটি সবসময় সহজ নয়। এমনও হতে পারে আপনার ইচ্ছা থাকা সত্বেও কাজের অগ্রগতি সেভাবে হচ্ছে না যেভাবে আপনি চাচ্ছেন। কোন পরিস্থিতিতেই আপনি আপনার তত্ত্বাবধায়কের কাছে কোন অসমাপ্ত কাজ জমা দিতে পারবেন না। যদি তথ্য সঠিক না হয় তাহলে এই তথ্যের কোন মুল্য থাকবে না। এই কারনে তথ্যের গুনমান নিশ্চিত কিনা তা চেক করার অনেক পদ্ধতি থাকবে। যদি আপনি কোন বিকৃত অথবা মিথ্যে তথ্য জমা দেন তাহলে আপনার কতৃপক্ষ আপনার বিরুদ্ধে অফিসিয়াল/ আইনী প্রক্রিয়া নিতে বাধ্য হবেন এবং আপনার ভবিষ্যৎ চাকুরী খেত্রেও এর প্রভাব পরতে পারে ।

## ১.৫ সংবেদনশীলতা প্রশিক্ষণ

ভিএ সাক্ষাৎকারের বিষয়সমুহ সংবেদনশীল হতে পারে ফলে পরিবারের সদস্যদের সাথে সাক্ষাৎকারের সময় আপনাকে সংবেদনশীল হতে হবে এবং এটি গুরুত্বপূর্ণ।

# ২ দাপ্তরিক বিষয় ও সাধারণ নির্দেশাবলী

## ২.১ প্রয়োজনীয় উপকরণ

সাক্ষাৎকারগ্রহণকারীর দায়িত্ব সঠিকভাবে সম্পাদন করার জন্য নিচের বর্ণিত সরঞ্জামাদি সহায়ক হবে। আপনি যখন কর্মক্ষেত্রে থাকবেন এগুলো সবসময় আপনার সাথে রাখতে হবে। সাক্ষাৎকারগ্রহণকারীকে পুরণকৃত ভারবাল অটোপসি ফর্ম অবশ্যই স্টাডি অফিসে জমা দিতে হবে।

দেখুন এবং নিশ্চিত হোন আপনার কাছে নিচের সরঞ্জামাদি আছে কিনা। সকল ভিএ সাক্ষাৎকারগ্রহণকারীদের কাছে নিচের সরঞ্জামাদি থাকতে হবে:

- ভিএ সাক্ষাৎকারগ্রহণকারীর নিজস্ব মুল্যায়ন তালিকা
- ভিএ সাধারণ তথ্য/ স্থান নির্দেশক তথ্য
- সম্মতিপত্র
- পিএইচএমআরসি সংক্ষিপ্ত ভিএ প্রশ্নমালা এবং ওডিকে ইন্সটল করা ট্যাবলেট
- ট্যাবলেটের সরঞ্জামাদি
- ভিএ মডিউল (ইংরেজি ও স্থানীয় ভাষায় ছাপানো)
    - সাধারণ মডিউল
    - নবজাতক মডিউল
    - শিশু মডিউল
    - কিশোর ও বয়স্ক ভিএ মডিউল
- দেশের ঐতিহাসিক ঘটনাবলীর দিনপুঞ্জিকা
- লেখার জন্যে কলম/ পেন্সিল ও রাবার
- ফর্ম এবং অন্যান্য জিনিসপত্র বহনের জন্যে ব্যাগ।

আপনি এই জিনিসগুলো গ্রহন করার সময় ভালো করে দেখে নিন। কোন ত্রুটি পেলে সাথে সাথে আপনার তত্ত্বাবধায়ককে জানান।

### ২.২ ভিএ কেস কিভাবে নির্বাচণ করা হয়?

তত্ত্বাবধান পদ্ধতি, স্বাস্থ্যকেন্দ্র অথবা অন্যান্য উৎস যা আপনার দায়িত্বরত এলাকার জন্যে উপযুক্ত হয় সেটা থেকে ভিএ কেসগুলো নির্বাচন করতে হবে। আপনার তত্ত্বাবধায়ক মৃত ব্যাক্তির এবং পরিবারের নাম আপনাকে বলে দিবে। আপনি সেই পরিবারের সদস্যদের ভিএ সাক্ষাৎকার নিবেন।

### ২.৩ সুবিধা ও পেমেন্ট সংক্রান্ত প্রশ্নের জবাব

মনে রাখতে হবে ভিএ সাক্ষাৎকারে অংগ্রহনের জন্যে কোন প্রকার ভাতা দেয়া হয় না। এই বিষয়টি সম্মতিপত্রেও উল্লেখ আছে। আপনি এই বিষয়টি ব্যাখ্যা করতে পারেন যে, এই সাক্ষাৎকার হতে প্রাপ্ত তথ্য মৃত্যুর কারণ চিহ্নিতকরনে সহায়তা করবে যা পাবলিক হেলথে ব্যবহারের জন্যে দেশের উন্নত স্বাস্থ্য নীতি প্রণয়নে সহায়ক হবে। পাশাপাশি এই তথ্যের মাধ্যমে ভবিষ্যতে এ ধরনের মৃত্যু প্রতিরোধ করা সম্ভব হতে পারে।

### ২.৪ কাজ সম্পর্কিত তত্ত্বাবধায়কের পর্যালোচনা

আপনার তত্ত্বাবধায়ক আপনার নিজস্ব মুল্যায়ন তালিকা পর্যালোচনা করবে।

## ৩ উত্তরদাতা নির্বাচন

### ৩.১ পরিবারের সহযোগীতা ও আস্থা অর্জন

পরিবারের সহযোগীতা এবং নিভূল ও সম্পূর্ণ তথ্য পেতে প্রথমেই পরিবারের বিশ্বাস ও আস্থা অর্জন করতে হবে। আপনাকে সম্পূর্ণ পেশাদারীত্তের ভিত্তিতে এবং বন্ধুত্বসুলভ আচরন দিয়ে আপনার সম্পর্কে ভাল ধারণা তৈরী করাতে হবে।

### পেশাদারী হোন

মনে রাখবেন, আপনি একজন পেশাদার এবং জাতীয় কর্যক্রম এর অংশ। পেশাদারী  সাক্ষাৎকারের জন্য আপনাকে হতে হবে দক্ষ ও আপনার জামা কাপড় হতে হবে পরিস্কার ও পরিচ্ছন্ন। এছাড়াও পেশাদারী পদ্ধতিতে উত্তরদাতার সহিত আপনাকে বন্ধুসুলভ আচরন করতে হবে।

### আপনার দায়িত্ব বুঝান

আপনি যদি আপনার দায়িত্ব সম্পর্কে ভালোভাবে জ্ঞাত হন, তাহলে আপনার তত্ত্বাবধায়ক আপনার উপর বিশ্বস্ত হবেন। উত্তরদাতা ভারবাল অটোপসি সম্পর্কিত যেকোন প্রশ্ন করলে আপনাকে তার উত্তর দিতে সক্ষম হতে হবে অথবা আপনি ঐ মানুষদেরকে আপনার কোন তত্ত্বাবধায়ক এর কাছে পাঠাবেন। আপনার, তাদেরকে বুঝাতে পারতে হবে, কেন তাদের এলাকায় ভিএ সাক্ষাৎকার নেয়া হচ্ছে। তথ্যদাতাদেরকে নিশ্চিত করতে পারতে হবে যে, তাদের দেয়া তথ্যের সর্বোচ্চ গোপনীয়তা বজায় রাখা হবে এবং এই গবেষণার বাহিরের অন্য কারো কাছে কোন তথ্য প্রকাশ করা হবে না।

## ৩.২ সবচেয়ে ভালো উত্তরদাতা কিভাবে নির্বাচন করা হয়

উত্তরদাতা হচ্ছেন প্রধান যিনি নির্ধারিত মৃত্যু সম্পর্কে তথ্য দিবে। যে ব্যক্তি মৃত ব্যাক্তির শেষ অসুখের সময় তাঁর পরিচর্যা করেছিলেন তিনিই হবেন যোগ্য উত্তরদাতা। সাধারণত খানা প্রধান বা খানা প্রধানের স্বামী বা স্ত্রী আপনার উত্তরদাতা হতে পারে। নবজাতক ও শিশু মৃত্যুর জন্যে মা সবচেয়ে ভালো উত্তরদাতা হবেন। আপনার প্রথম ভিজিটে যদি নির্ধারিত উত্তরদাতারা অনুপস্থিত থাকেন তাহলে আপনি পুনরায় যাওয়ার জন্যে একটি সময় নিয়ে আসুন যেদিন উনারা বাসায় থাকবেন। যদি আপনার পরিদর্শনের সময় উত্তরদাতা অন্য কোথাও থাকে কিংবা কিছু সময়ের জন্যে অন্য কোথাও গিয়ে থাকেন তাহলে আপনি পরিবারের বয়োঃজৈষ্ঠ্য সদস্য বা আত্নীয়ের (তাদের বয়স নুন্যতম ১৮বছর হতে হবে) সাথে কথা বলতে পারেন । যদি ইহাও সম্ভব না হয় তাহলে আপনি এই খানায় স্থায়ী বসবাসকৃত বয়োঃজৈষ্ঠ্য অনাত্নীয়ের (বয়স ১৮বছর বা তার উর্দ্ধে) সাথে কথা বলতে পারেন।

উপযুক্ত উত্তরদাতা হিসেবে যেসব বিষয় প্রাধান্য দিতে হবে:

১. খানা প্রধান বা তার স্বামী/স্ত্রী
২. শিশু মৃত্যুর ক্ষেত্রে বাবা মা (মা প্রাধান্য)
৩. মৃত ব্যাক্তির পরিবারের বয়োঃজৈষ্ঠ্য সদস্য বা নিকট আত্নীয় (বয়স নুন্যতম ১৮বছর)
৪. বয়োজৈষ্ঠ্য অনাত্নীয় যিনি মৃত ব্যাক্তির খানায় স্থায়ী বসবাসকৃত (বয়স নুন্যতম ১৮বছর)।

## ৩.৩ উত্তরদাতার কাছে কিভাবে অগ্রসর হবেন

সর্বদা ইতিবাচক দৃষ্টিভঙ্গি থাকতে হবে। "আপনি কি খুব ব্যস্ত" অথবা "আপনার কি ১৫ থেকে ৩০মিনিট সময় হবে?" এমন কোন প্রশ্ন করা যাবেনা কেননা অনেক সময় এধরনের প্রশ্নে সাক্ষাৎকার শুরু হওয়ার পূর্বেই অস্বীকৃতি জানাতে পারে। বরং ইন্টারভিউ শুরু করার আগে মৃতব্যাক্তির মৃত্যুতে সমবেদনা জ্ঞাপন করুন এবং উত্তরদাতাকে বলুন "আমি আপনাকে কিছু প্রশ্ন করতে চাই" অথবা "আমি আপনার সাথে কিছু সময় কথা বলতে চাই"। তবে যদি কোন উত্তরদাতা আপনার সাথে কথা বলতে ইচ্ছুক না হয়, তাহলে তাকে জোরাজুরি করবেন না। যদি ঐ খানায় কথা বলার মতো অন্যকেউ উপস্থিত না থাকে তাহলে ঐ উত্তরদাতার কাছ হতে অন্য একটি সময়সুচী জেনে নিন যেদিন তিনি সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে সক্ষম।  উত্তরদাতার যেকোন প্রশ্নের উত্তর আপনার জ্ঞান থেকে বলুনএবং সত্যবলুন। সাক্ষাৎকারে সম্মতি দেয়ার পূর্বে উত্তরদাতা এই সার্ভে সম্পর্কে এবং কেন তাকে সাক্ষাৎকারের জন্যে নেয়া হলো তা জানতে চাইতে পারে, সেক্ষেত্রে আপনার উত্তর সরাসরি এবং স্পষ্ট হতে হবে।

### ৩.৪ সাক্ষাৎকারের জন্য পরিবেশ নির্বাচন

সাক্ষাৎকার এমন স্থানে নেয়া ভালো যেখানে আপনি এবং উত্তরদাতা একা থাকবেন। তবে অনেক সময় পরিবারের অন্যান্য সদস্যরা সাক্ষাৎকারের সময় উপস্থিত থাকতে পারে। এ ধরনের পরিস্থিতিতে সম্পুর্ণ গোপনীয়তা রক্ষা করা সম্ভব হয় না, সেক্ষেত্রে সীমিত সংখ্যক মানুষের উপস্থিতি রাখার চেষ্টা করুন।

### ৩.৫ জটিল উত্তরদাতা কিভাবে পরিচালনা করবেন

এমন হতে পারে, উত্তরদাতা সাক্ষাৎকার দিতে রাজী হচ্ছে না বা সাক্ষাৎকারের সময় বিরক্ত হচ্ছে। প্রয়োজনে তথ্যের গোপনীয়তার বিষয়টি নিশ্চিত করুন। গোপনীয়তা নিয়ে যখন কোন উত্তরদাতা উদ্বিগ্ন থাকেন তখন সাক্ষাৎকার দিয়ে সহায়তা করবেন কিনা সে বিষয়ে অনিশ্চয়তায় ভুগেন, তখন আপনাকে উপযুক্ত আশ্বাস দিতে হবে এবং পরিপুর্ণভাবে উত্তরদাতাকে বুঝাতে হবে। যেমন আপনি বলতে পারেন আপনাকে চিহ্নিত করার মতো সকল তথ্য বিশ্বস্ততার সাথে সম্পূর্ন গোপন রাখা হবে কোন কারনেই কারো নাম উল্লেখ করা হবে না এবং সকল সাক্ষাৎকারের তথ্য একত্রিত করা হবে। যদি এর পরও উত্তরদাতা আশ্বস্ত না হয় তাহলে আপনি যা করবেন:

- উত্তরদাতার কাছ হতে আসা অনাকাঙ্খিত প্রশ্নের উত্তর একটু সময় নিয়ে এবং বুঝে দিন
- উত্তরদাতার কাছ হতে পুনরায় যাওয়ার সময় নিন এবং সাক্ষাৎকারটি সম্পন্ন করুন

### ৩.৬একাধিক উত্তরদাতাকে কিভাবে পরিচালনা করবেন?

প্রায়ই আপনি এমন পরিস্থিতির সম্মুখীন হবেন যেখানে একাধিক উত্তরদাতা সাক্ষাৎকার প্রদানে অংশ গ্রহণ করবেন। যেমন খানার স্বামী বাচ্চার মাকে আপনার সাথে একা কথা বলতে দিতে নাও পারে অথবা একজন শাশুড়ী উপস্থিত থাকতে অনুরোধ করতে পারে। অথবা খানার আশেপাশের অনেকেই আগ্রহবশত সাক্ষাৎকার পর্যবেক্ষণ করতে থাকতে পারে।
এধরনের পরিস্থিতিতে প্রধান উত্তরদাতাকে তথ্যের গোপনীয়তা এবং সাক্ষাৎকারের গোপনীয়তার বিষয়ে আশ্বস্ত করা গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে আপনি যা করতে পারেন:

- অন্য স্থানে যাওয়ার পরামর্শ দেয়া
- অন্যান্যদের চলে যেতে অনুরোধ করতে পারেন এবং সাক্ষাৎকার শেষে আসার অনুরোধ করতে পারেন
- সাক্ষাৎকার শেষ করবার জন্যে পুনরায় সময়সূচী নির্ধারন করে যেতে পারেন

### ৩.৭ যদি সম্ভাব্য উত্তরদাতা না পাওয়া যায় অথবা সাক্ষাৎকার দিতে অস্বীকৃতি জানায় তাহলে কি করবেন?

আপনি যদি খানায় উপযুক্ত উত্তরদাতা বা কাঙ্খিত উত্তরদাতাকে খুজে না পান তাহলে ঐ পরিবারের অন্যান্য সদস্যদের কিংবা প্রতিবেশীদের কাছে জানতে চাইতে পারেন ঐ উত্তরদাতাকে কখন বাসায় পাওয়া যাবে। তখন পরিবারের অন্যান্যদের কাছে বলে আসতে পারেন আপনি পুনরায় উনার (উত্তরদাতা) জন্যে ঐ বাসায় যাবেন। পুনরায় কত তারিখে যাবেন তা আপনার নোটবুকে লিখে রাখুন।

কাঙ্খিত উত্তরদাতাকে খুজে পেতে ব্যর্থ হলে প্রতিটি খানায় কমপক্ষে তিনবার যেয়ে খোজ (**কলব্যাক**) করুন। সাক্ষাৎকার নিতে কোন সমস্যায় পড়লে সবসময় তত্ত্বাবধায়ককে জানান। যদি তিনবার খানায় যাওয়ার পরও কাঙ্খিত উত্তরদাতাকে বাসায় না পাওয়া যায় তাহলে ভারবাল অটোপসি সাক্ষাৎকার না করে আপনি ঐ খানা হতে চলে আসুন। আংশিক সম্পন্ন ভারবাল অটোপসি গ্রহণযোগ্য নয়। অনুপযুক্ত উত্তরদাতা গ্রহণযোগ্য নয়।

### ৩.৮ যদি একজন উত্তরদাতা বলেন ইতিমধ্যে ভিএ সম্পন্ন হয়েছে

যদি ভিএ ইতিমধ্যে করা হয়ে থাকে তাহলে আপনি উত্তরদাতাকে কিছু প্রশ্ন করে জেনে নিন সাক্ষাৎকারটি কে নিয়েছেন। যদি রুটিন ভিএ কর্মকান্ডের অংশ হিসেবে এই সাক্ষাৎকারটি নেয়া হয় তাহলে আপনার এই সাক্ষাৎকারটি পুনরায় নিতে হবে না। যদি অন্য কোন প্রজেক্টের জন্যে এই সাক্ষাৎকার নেয়া হয় তাহলে আপনি এই উত্তরদাতাকে অংশগ্রহনের জন্যে নেয়ার পূর্বে আপনার সুপারভাইজারের সাথে বিষয়টি চেক করে নিন।

### ৩.৯ সর্বাধিক জিজ্ঞাসিত প্রশ্ন ও অভিযোগসমূহ

নিচে কিছু সাধারণ প্রশ্ন আছে যা জানতে চাওয়া হয়। এসব প্রশ্নের যথাযথ উত্তর কি হবে তা নিচে প্রতিটি প্রশ্নের সাথে দেয়া হল তবে ভিএ সাক্ষাৎকারগ্রহণকারী পরিস্থিতি সাপেক্ষে এগুলো ব্যবহার করবে।

**প্র: এই সাক্ষাৎকার থেকে কে লাভবান হবে?**

উ: এই পরিবার হতে মৃত্যু সম্পর্কিত এবং অন্যান্য যেসব তথ্য সংগ্রহ করা হচ্ছে এসব তথ্য সরকার এবং অন্যান্য সংস্থা স্বাস্থ্য সম্পর্কিত পরিকল্পনা প্রণয়ন এবং নীতি নির্ধারনে ব্যবহার করবে। জনগনের কল্যানের লক্ষ্যে কর্মসূচী ও নীতি পরিচালনার জন্যে বেসরকারী সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান এবং গবেষণামুলক প্রতিষ্ঠানও এই তথ্য গুলো ব্যবহার করতে পারে।

**প্র: এই কার্যক্রমটি সময় এবং অর্থের অপচয়?**

উ: কার্যক্রমটি সম্ভাব্য অর্থ সাশ্রয়ী উপায়ে সর্বাধিক ফল পাওয়ার জন্য পরিচালিত হচ্ছে। এই তথ্যগুলো ছাড়া নীতি নির্ধারকরা জনগনের মঙ্গলের জন্য সঠিক পরিকল্পনা ও যথাযথ নীতিমালা গ্রহন করতে পারে না। এই তথ্য মৃত্যুর কারণ, লিঙ্গ এবং বয়স অনুসারে মৃত্যুর হার গণনার কাজে ব্যবহার করা হবে। গবেষকগন সঠিক এবং নির্দিষ্ট সময়ের মৃত্যুর হার গণনার জন্যে এই তথ্য ব্যবহার করবে এবং এটা তখনই সম্ভব হবে যখন আপনারা সাক্ষাৎকার দিয়ে সহযোগিতা করবেন।

**প্র: আমার এসব করার সময় নাই**

উ: আপনার পরিবারের সদস্যের কোন পরিস্থিতিতে মৃত্যু হয়েছে সে সম্পর্কিত কিছু প্রশ্ন নিয়ে এই ভারবাল অটোপসি সাক্ষাৎকারটি নেয়া হবে। এইভাবে প্রতিটি পদক্ষেপ নেয়ার চেষ্টা করা হবে যেন সময় কম লাগে এবং আপনার কোন সমস্যা না হয়। মৃত্যুর হার এবং মৃত্যুর কারণ সম্পর্কে সঠিক তথ্য পাওয়ার জন্যে আপনার উত্তর এবং অংশগ্রহন গুরুত্বপূর্ণ।

**প্র: আমি কিভাবে বুঝবো আমি যেই তথ্যগুলো দিচ্ছি তা গোপনীয় থাকবে?**

উ: ভিএ সাক্ষাৎকারগ্রহণকারী হিসেবে যেসব তথ্য সংগ্রহ করা হবে সেগুলো কারো সাথে শেয়ার করা যাবে না এ ধরনের নিষেধাজ্ঞা আছে এবং প্রত্যেক সাক্ষাৎকারগ্রহণকারীকে তথ্যগুলো কেন্দ্রীয় অফিসে গোপনীয়তার সাথে সংরক্ষন করতে হবে। আপনার তথ্য অন্যান্য তথ্যের সাথে একীভুত হবে। মৃত ব্যাক্তিদের এবং তাদের পরিবারের পরিচিতি উল্লেখ না করে তথ্যগুলো রাষ্ট্রীয়ভাবে প্রকাশিত হবে।

## ৪ কিভাবে প্রশ্ন করতে হবে?

### ৪.১ আপনার পরিচয় দিন

আপনার পরিচয় খুবই গুরুত্বপূর্ণ। এটা একটা পরিবারের জন্য খুবই স্পর্শকাতর সময় তাই সাক্ষাৎকারগ্রহণকারীকে অবশ্যই নম্র এবং ভদ্র হতে হবে যখন প্রথম পরিচিতি দিবে। উদাহরনটি দেখুন কিভাবে নিজ সম্পর্কে পরিচিতি দিতে হবে:

*আমার নাম (আপনার নাম)। আমি (আপনার সংস্থার নাম) সংস্থার একজন সাক্ষাৎকারগ্রহনকারী। আমি জানতে পেরেছি আপনার পরিবারে একটি মৃত্যু হয়েছে। আমি তার মৃত্যুতে খুবই দুঃখিত। দয়া করে আমার সহানুভূতি গ্রহন করুন। স্বাস্থ্যসেবার উন্নয়নের জন্যে আমরা এই এলাকার সাম্প্রতিক সকল মৃত্যু সম্পর্কিত তথ্য সংগ্রহ করছি। আমি আপনার সাথে (মৃত ব্যাক্তির নাম) মৃত্যুর আগের অসুস্থতার পরিস্থিতি এবং লক্ষণ সম্পর্কিত কথা বলবো এবং কিছু প্রশ্ন করবো।*

### ৪.২ উত্তরদাতার সাথে সম্পর্ক স্থাপন

এটা উত্তরদাতা এবং তার পরিবারের জন্যে একটা কঠিন সময়, ফলে মৃত্যু সম্পর্কে কথা বলার পূর্বে উত্তরদাতার সাথে সম্পর্ক তৈরী করা খুবই গুরুত্বপূর্ণ। যেমন আপনি তার কাজ সম্পর্কে জানতে চাইতে পারেন বা তার পরিবার সম্পর্কে জানতে চাইতে পারেন। তারপর আপনার ভিজিটের উদ্দেশ্য বলতে পারেন এবং উত্তরদাতা কার্যক্রম সম্পর্কে কিংবা সাক্ষাৎকার সম্পর্কে কিছু জানতে চাইলে সেগুলোর উত্তর দেয়ার চেষ্টা করুন।

### দৃষ্টি সংযোগ বজায় রাখুন

যখন সাক্ষাৎকার নেয়া হবে সবসময় উত্তরদাতার দিকে তাকান। মনে রাখবেন এই সময়টা উত্তরদাতার জন্যে কঠিন সময় ফলে উত্তরদাতা যেন সাক্ষাৎকার সম্পন্ন হওয়া পর্যন্ত আপনার সাথে কথা বলতে আরামবোধ করে তা খেয়াল রাখতে হবে।

### ৪.৩ কিভাবে প্রশ্ন পড়বেন

প্রতিটি প্রশ্ন সম্পূর্ন পড়ুন নির্দেশনায় যেভাবে লিখা আছে ঠিক সেভাবে। আপনি প্রশ্ন আস্তে এবং সুস্পষ্টভাবে পড়ুন যাতে উত্তরদাতা বুঝতে পারে এবং এটা গুরুত্বপূর্ণ। একাধিক উত্তরের ক্ষেত্রে প্রতিটি উত্তর ধীরে ধীরে এবং সতর্কতার সহিত পড়ুন।

### ৪.৪ কিভাবে পর্যাপ্ত উত্তর পাওয়া যায় ?

উত্তরদাতাকে যথাসম্ভব ভালো উত্তর দেয়ার সুযোগ দিতে হবে। বেশীরভাগ প্রশ্নই ক্লোজ এন্ডেড অর্থাৎ এ ধরনের ক্ষেত্রে সাধারণত একটি উত্তর দেয়া যেতে পারে। কিছু প্রশ্ন আছে যেসবের উত্তর, উত্তরদাতা একাধিক দিতে পারে। এধরনের প্রশ্নের উত্তর রেকর্ড করার পূর্বে উত্তরদাতাকে প্রশ্নটি সম্পর্কে ভাবতে দিন এবং উত্তরদাতাকে তার সকল পছন্দকৃত উত্তর দেয়ার অনুমতি দেন।

### প্রোবিং

যদি উত্তরদাতা কোন প্রশ্নের উত্তর না জানে অথবা উত্তর দিতে স্বাচ্ছন্দ্যবোধ না করে আপনি যথাযথ উত্তর পাওয়ার জন্যে প্রোবিং করতে পারেন। এর অর্থ হচ্ছে আপনি এই প্রশ্নের সাথে সামঞ্জস্যপূর্ন ও একই বিষয় ভিত্তিক অন্য প্রশ্ন করতে পারেন এবং এভাবে উত্তরদাতাকে ঘটনাটি মনে করার জন্যে সাহায্য করতে পারেন। যেমন যদি উত্তরদাতা মনে করতে না পারে 'কে বাচ্চার জন্ম দিছে' আপনি ঐ সময় ঘরে কে ছিল তা জিজ্ঞেস করে প্রোবিং করতে পারেন। যখন প্রোবিং করবেন আপনার বিচারবুদ্ধি প্রয়োগ করুন। মনে রাখবেন, এই সময়টা উত্তরদাতাদের জন্যে খুবই স্পর্শকাতর এবং আমরা কখনোই তাদেরকে বিমর্ষ করতে পারি না।

### ৪.৫ স্কিপ প্যাটার্ন ও বিশেষ বিভাগ

প্রশ্নমালায় এমন অনেক প্রশ্ন আছে যেগুলো প্রয়োজনানুযায়ী স্কিপ করতে হবে এবং ট্যাবলেট সেই প্রাসঙ্গিক সেকশন/প্রশ্ন অটোমেটিকেলি স্কিপ করে নিবে। যেমন বয়স্ক মডিউলে একটি সেকশন আছে যেখানে নারী স্বাস্থ্য নিয়ে আলোচনা যা শুধুমাত্র মহিলা মৃত্যুর জন্যে প্রযোজ্য।

### ৪.৬ ভিএ প্রশ্নমালা পুরণের সাধারণ নির্দেশনা

১. সকল প্রশ্ন ঠিক যেভাবে লিখা আছে সেভাবে পড়ুন। এতে নিশ্চিত হওয়া যাবে যে সকল উত্তরদাতা প্রশ্ন একইরকম করে বুঝছে।

২. কিছু প্রশ্ন আছে যাতে ব্রেকেটে অবস্থিত শব্দগুলো বিদ্যমান, যেমন "...(তার -স্ত্রী/পুরুষ)..." অথবা (তুমি কর/ সে করে ,নামের মা,)..." হাইফেনের পরের বা আগের শব্দটি উল্লেখ করুন অর্থাৎ যেই শব্দটি এই সাক্ষাৎকারের জন্যে প্রযোজ্য।

৩. কিছু প্রশ্নের এখাধিক উত্তর হবে। সেগুলো চেক বক্সে চিহ্নিত করতে হবে (চেক বক্সটি চতুর্ভুজআকৃতির এবং একাধিক চেক বক্স চিহ্নিত করা যাবে)। ক্রস অথবা টিক চিহ্ন দিয়ে চেক বক্স মার্ক করবার জন্যে ক্লিক করুন। প্রতিটি প্রশ্নের জন্যে যেই নির্দেশনা দেয়া আছে তা অনুসরন করুন এবং উত্তরদাতাকে চেক বক্সের উত্তরগুলো পড়ে শোনাবেন না। প্রশ্নমালায় নির্দেশনা সমুহ ইটালিক পদ্ধতিতে দেয়া আছে।

৪. বেশীরভাগ প্রশ্নের উত্তরই এক কথায় নিতে হবে যা গোলাকার রেডিও বাটনে টাচ/ ক্লিক করে রেকর্ড করতে হবে।

৫. তারিখ রেকর্ড করবার সময় যেভাবে দিতে হবে:

ক) দিন = মাসের যেকোন দিন ("১০" এর নিচে হলে প্রথম ডিজিট "০" দিতে হবে)

খ) মাস = বছরের যেকোন মাস (জানুয়ারী=১, ফেব্রুয়ারী=২, মার্চ=৩, এপ্রিল=৪, মে=৫, জুন=৬, জুলাই=৭, আগষ্ট=৮, সেপ্টেম্বর=৯, অক্টোবর=১০, নভেম্বর=১১, ডিসেম্বর=১২ )

গ) বছর = বছর (যেমন ২০০৬ হলে ২০০৬ দিতে হবে)

৬. মাস, দিন, ঘন্টা, মিনিট রেকর্ড করতে হলে নিন্মক্তভাবে অনুসরন করুন:

ক) ১মাস = ২৮দিন

খ) ১দিন = ২৪ঘন্টা

গ) ২৪ঘন্টার নীচে = ০০

৭. কিছু উত্তরে একাধিক তথ্য আসতে পারে (যেমন, "অন্যান্য (নির্দিষ্ট করুন)...." উত্তরদাতার উত্তর রেকর্ড করুন (যেমন "স্বাস্থ্য কেন্দ্র" অথবা "ভাই")।

* মনে রাখবেন উত্তরদাতা অনেক সময় সাক্ষাৎকারগ্রহণকারীকে খুশি করার জন্য উত্তর দিতে চায়। আপনাকে সবসময় সাক্ষাৎকারের বিষয়ের ব্যাপারে নিরপেক্ষ থাকতে হবে এবং এইটা খুবই গুরুত্বপূর্ণ। কখনো কোন অনাকাঙ্খিত কিছু দেখাবেন না, উত্তরদাতার উত্তরের স্বপক্ষে বা বিপক্ষে কিছু বলবেন না বা গলার স্বর বা মুখের অভিব্যাক্তি দিয়ে কিছু বুঝাবেন না।

## ৪.৭ ট্যাবলেট ব্যবহারের সাধারণ নির্দেশনা

### সাধারণ নির্দেশনাসমুহ

- স্মার্ট ভিএ প্রশ্নমালা একটি সাধারণ মডিউল নিয়ে গঠিত যা নবজাতক (০-২৮দিন), শিশু (২৯দিন-১১বছর) অথবা কিশোর/বয়স্ক মৃত্যুর বয়স ভিত্তিক মডিউল অনুসরন করে করা।
- প্রশ্নমালায় কিছু ফিল্টার প্রশ্ন রয়েছে যা যথাযথ প্রশ্নের জন্যে অটোমেটিক স্কিপ হবে। বিভিন্ন প্রশ্নের উত্তরের জন্যে টেক্সট লিখার ক্ষেত্র, রেডিও বাটন, চেক বক্স এবং তারিখ উল্লেখ করার মিশ্রিত অপশন রয়েছে।
- একাধিক প্রশ্নের উত্তরে 'হ্যা', 'না', 'উত্তর দিতে অস্বীকৃতি' এবং 'জানি না' এই অপশন সমূহ দেয়া আছে যেকোন একটি অপশন নির্বাচন করতে হবে রেডিও বাটন চেপে। ফিগার এক এ তা উল্লেখ আছে

ফিগার ১ঃ ওডিকে তে হ্যাঁ/না প্রশ্নের উদাহরন



- কিছু প্রশ্নের একাধিক উত্তর হতে পারে, সেক্ষেত্রে এই উত্তরের ধরন চেক বক্সের মধ্যে দেয়া আছে। চেক বক্সগুলো চতুর্ভুজ আকারের এবং একটি বা একাধিক উত্তর বক্সে টাচ করে নির্বাচন করতে হবে। (ফিগার দুই)

ODK ফিগার ২ঃ ওডিকে তে একাধিক রেসপন্স প্রশ্নের উদাহরন




- ধারাবাহিকভাবে তথ্য এন্ট্রি করতে (পরবর্তী পৃষ্ঠা) অথবা আগের পৃষ্ঠার তথ্য চেক করতে ট্যাবলেটের স্ক্রিনে বাম থেকে ডান দিকে অথবা ডান থেকে বাম দিকে সুইপ করে যেতে হবে।
- সাধারণত ট্যাবলেটে এক প্রশ্ন থেকে পরবর্তী প্রশ্নে যেতে উত্তর মার্ক করে যেতে হবে যা রেডিও বাটন বা চেক বক্স চেপে করতে হবে
    - যদি আপনি কোন অপশন চিহ্নিত না করে পরবর্তী প্রশ্নে যেতে চান তাহলে স্ক্রিনে একটি মেসেজ দেখতে পারবেন "দুঃখিত, একটি উত্তর দিতে হবে"
    - তবে কিছু সামান্য সংখ্যক প্রশ্নের উত্তর ব্যতীত পরবর্তী প্রশ্নে যাওয়া যাবে।
- মাঝে মাঝে চেক বক্স/ রেডিও বাটন পূরণ  করার পরও এমন কোন উত্তর আসতে পারে যা লিখতে হবে সেক্ষেত্রে
    - স্পেস বাটনটি চাপলে একটি অস্থায়ী কিবোর্ড আসবে উত্তর লিখার জন্যে।
- ট্যাবলেটে এমনভাবে নির্দেশনা দেয়া আছে যে উত্তরের ভিত্তিতে ভিএ মযিউলে কোন প্রশ্নের পর কোনটি হবে তা স্বয়ংক্রিয়ভাবে (অটোমেটিকেলি) নির্বাচিত হবে।

## ধাপে ধাপে নির্দেশনা সমুহ

১. ডানের উপরের স্টার্ট বাটনটি চেপে ট্যাবলেট (ট্যাব) স্টার্ট করতে হবে। চাপার এক মিনিট পরে ট্যাব চালু হবে।
২. ট্যাবের হোম বাটনটি চেপে হোম স্ক্রিনে যেতে হবে এবং আবেদন বাটন স্পর্শ করতে হবে
৩. ট্যাবের হোম স্ক্রিন হতে 'ওডিকে কালেক্ট' আইকনটি স্পর্শ করতে হবে। (ফিগার তিন)

ক) এই আইকনটি স্পর্শ করার পর পাঁচটি অপশন যুক্ত (খালি ফর্ম পূরণ , সেভ করা ফর্ম এডিট, চূড়ান্ত ফর্ম পাঠান, খালি ফর্ম পাওয়া এবং সেভ করা ফর্ম মুছে ফেলা) একটি স্ক্রিন আসবে।

ফিগার ৩ঃ ওডিকে ভিএকিউ কালেকশন ম্যানু




৪. ওডিকে কালেক্ট সফটওয়ার হতে 'খালি ফর্ম  পূরণ' বাটনটি স্পর্শ করে ফর্মটি খুলতে হবে।

৫. ”স্মার্ট ভিএ-মাস-বছর”[৪] এক্সএমএলের এই ফর্মটি স্পর্শ করলে ভিএ সাক্ষাৎকার শুরু হবে।

   - প্রশ্নের উত্তর পূরণ  করবার পূর্বে প্রশ্ন সংক্রান্ত স্ক্রিনে দেয়া তথ্য পড়ুন।

৬. নির্দেশনানুযায়ী বাম থেকে ডান দিকে সুইপ করে সাক্ষাৎকার চালাতে হবে।

৭. যখন উত্তরদাতা সাক্ষাৎকার দিতে রাজী হবে তখন ট্যাবের স্ক্রিনে দেয়া নির্দেশনা সতর্কতার সহিত পড়ুন এবং অনুসরন করুন। প্রতিটি বয়স ভিত্তিক মডিউলের শেষে স্ক্রিনে উত্তরদাতাকে পড়ে শোনানোর জন্যে বর্ণনামুলক একটি সেকশন থাকবে যা পরবর্তী সেকশনের জন্যে প্রাক নির্বাচিত কীওয়ার্ড সমন্বিত চেকলিস্ট পূরণের পন্থা।

## বর্ণনামূলক উত্তরসমুহ পূরণের জন্যে

পিএইচএমআরসি সংক্ষিপ্ত ভিএ প্রশ্নমালায় ওপেন এন্ডেড বা বর্ণনামূলক  প্রশ্ন আছে যার মাধ্যমে উত্তরদাতা মৃত্যু সম্পর্কিত ঘটনা ক্রম, তার নিজস্ব মতামত ব্যাখ্যা করতে পারে। এই সেকশনে সাক্ষাৎকারগ্রহণকারীকে সতর্কতার সাথে উত্তরদাতার কথা শুনতে হবে এবং উত্তরদাতা যদি কোন বিশেষ শব্দ উল্লেখ করে তাহলে সেগুলো টুকে রাখতে হবে। যখন ওপেন এন্ডেড প্রশ্ন আসবে তখন নিন্মোক্ত নির্দেশনা প্রদর্শিত হবে:

> উত্তরদাতাকে বলুন: *”আপনাকে ধন্যবাদ এসকল প্রশ্নের সহনশীল উত্তর দেয়ার জন্যে।আপনি দয়া করে এই মৃত্যু/ অসুস্থতা সম্পর্কে যদি আরো কিছু তথ্য দিতে চান তাহলে সংক্ষিপ্তাকারে বলুন। ”*
> *সাক্ষাৎকারগ্রহণকারীর জন্যে: উত্তরদাতা তার নিজের ভাষায় কি বলে শুনুন।উত্তরদাতার কথা শেষ করার পর এমন কিছু বলা যাবে না যাতে তিনি উত্তেজিত হতে পারে। যদি উত্তরদাতা কোন শব্দ উল্লেখ করে তাহলে ”উল্লেখিত”মার্ক করতে হবে।যদি কোন মজার কথা বলে তাহলে উত্তরদাতাকে থামিয়ে আবার শুরু করতে বলুন এতে আপনি এটি লিপিবদ্ধ করতে কিছুটা সময় পাবেন। স্ক্রিনের ইন্টারেকটিভ ম্যাসেজসমুহ অনুসরন করুন এবং উত্তরদাতাকে সকল উপযুক্ত প্রশ্ন করুন।*

[৪]ভার্সনটি পরিবর্তন হতে পারে। সবচেয়ে নতুন ভার্সনটি জুলাই ২০১৬ এর।

### সাধারণ বিষয়সমুহ:

- উন্মুক্ত উত্তরের ক্ষেত্রে প্রাক নির্বাচিত শ্রেনীর একটি তালিকা আছে যা চেক বক্সের মাধ্যমে দেয়া আছে এবং এ ক্ষেত্রে একাধিক উত্তর নেয়া যাবে।
- স্থানীয় জনগন এবং স্বাস্থ্য পেশাদারীদের সাথে আলোচনা করতে হবে এবং স্থানীয় ভিএ স্টাফদের প্রশিক্ষণের জন্যে স্থানীয়দের ব্যবহৃত প্রতিশব্দের একটি অভিধান তৈরী করুন।
- বক্সে স্পর্শ করে (টিক চিহ্নের মাধ্যমে) শ্রেনী নির্বাচন করুন।
- সর্বশেষে ফাইলের নামকরনের জন্যে স্ক্রিনে একটি চাহিদা (পপ আপ) আসবে
- সেভ করুন এবং কাজ শেষ হলে স্ক্রিন হতে প্রস্থান (এক্সিট) করুন অথবা একটি নতুন ভিএ সাক্ষাৎকার শুরু করুন।
- যখন আপনি সাক্ষাৎকার শেষ করবেন তখন আপনার মৃত্যু সম্পর্কে পূরণ কৃত ভিএ ফর্মটি সেভ করতে হবে।

### কাজ সেভ করা এবং ভিএ এডিট করা

যদি কোন তথ্য ভুলবশত এন্ট্রি করা হয় তাহলে তা এডিট/সংশোধন করা যেতে পারে। সেক্ষেত্রে আগের পৃষ্ঠায় ফিরে যেতে হবে (ডান থেকে বামে সুইপ করে )। ফর্মটি পরবর্তীতে পূরণ  করার পর ভিএ ফর্মের ”এডিট/সংশোধন সেভ ফর্ম” ক্লিক করে এডিট করতে হবে।

- প্রতিটি সাক্ষাৎকারের শেষে, স্ক্রিনে নিম্নলিখিত পপ আপ (দিক নির্দেশিকা) আসবে
    - ট্যাবলেটে ফর্মের নাম গতানুগতিকভাবে আসবে
    ” এই ফর্মের নাম” এই ক্ষেত্রটির মধ্যে ”স্মার্ট ভিএ- প্রশ্নমালা-মাস-বছর” এটি আছে
    - ”সেভ ফর্ম এবং প্রস্থান” বাটনটি স্পর্শ করুন এবং সাক্ষাৎকার শেষ করুন।

ফিগার ৪ঃ ওডিকে ভিএকিউ শেষে সেভ এবং এক্সিট স্ক্রিন




### তথ্য সংশোধন করা

ওডিকে কালেক্ট সফটওয়ার এর প্রধান মেনু হতে ”সেভ করা ফর্ম সংশোধন” বাটনটি স্পর্শ করে পূরণ কৃত ভিএ ফমটি দেখতে এবং সংশোধন করতে পারেন। (ফিগার ৫ দেখুন)

ফিগার ৫ঃ সেভড ফর্ম এডিট করা




- ধাপ -১: "সেভ করা ফর্ম সংশোধন" বাটনটি স্পর্শ করার পর আপনি ভিএ ফর্মের নামের তালিকা দেখতে পারবেন
    - একটি ফর্ম স্পর্শ করুন এবং এটি খুলুন তথ্য দেখার জন্যে
    - উপর নিচ স্ক্রলিং করে সকল প্রশ্নমালা দেখতে পারেন
- ধাপ -২: সংশোধনের জন্যে আপনার উদ্দেশিত প্রশ্নটিতে স্পর্শ করুন এবং পুরো স্ক্রিনে প্রশ্নটি খুলুন, তারপর উত্তর সংশোধন করুন এবং ট্যাবের স্ক্রিনের উপরের দিকে অবস্থিত সেভ আইকনটি চাপুন
    - এর মাধ্যমে পরিবর্তিত তথ্য সমুহ সেভ হবে এবং ট্যাবের ডান দিকে অবস্থিত নিম্নগামী তীর চিহ্ন স্পর্শ করে প্রশ্নমালায় ফিরে যেতে পারেন।
- আপনি একাধিক প্রশ্নের উত্তর সংশোধন করতে পারেন বাম/ডান দিকে সুইপ করে এবং পরিশেষে ট্যাবের সেভ আইকনটি স্পর্শ করুন অথবা যখন সর্বশেষ প্রশ্নে পৌছাবেন তখন "সেভ ফর্ম এবং প্রস্থান" অপশনটি স্পর্শ করুন।

## ধাপে ধাপে তথ্য সেভ করা

ভিএ ফর্ম সেভ করার অপশন রয়েছে এমনকি ভিএ ফর্ম সম্পূর্ন পূরণ করার পর কোন তথ্য পরিবর্তন করার সুযোগ রয়েছে। সেক্ষেত্রে কথোপকথন বক্স (ডায়লগ বক্স) হতে "পরিবর্তিত তথ্য সেভ" অপশনটি ক্লিক করতে হবে।

- প্রশ্নমালার সর্বশেষ অধ্যায়ের "সেভ ফর্ম এবং প্রস্থান" অপশনটি স্পর্শ করে একটি নতুন সাক্ষাৎকার সেভ করতে হবে।
- প্রতিটি প্রশ্ন আলাদাভবে সেভ করার জন্যে ট্যাবের উপরের দিকের কর্নারের সেভ আইকনটি স্পর্শ করুন।
- ভিএ প্রশ্নমালার যেকোন প্রশ্ন পূরণ করার পর 'ফিরে দেখুন' অপশনটি চাপুন এবং কথোপকথন বক্স (ডায়লগ বক্স) হতে "পরিবর্তিত তথ্য সেভ" অপশনটি স্পর্শ করুন।

## সাক্ষাৎকার হতে প্রাপ্ত তথ্য জমা দেয়া

তথ্য সেভ করুন এবং স্ক্রিনের প্রস্থান অপশনটি স্পর্শ করে প্রস্থান (এক্সিট) করুন। এক্সএমএল ফরমেটের 'দৃষ্টান্ত' ফোল্ডারে তথ্য স্বয়ংক্রিয়ভাবে সেভ হবে।

## একটি নতুন সাক্সাৎকার শুরু করা

হোম স্ক্রিন হতে ওডিকে আইকনে যান এবং 'খালি ফর্ম পূরণ ' অপশনটি ক্লিক করে নতুন সাক্ষাৎকার শুরু করতে হবে।

## তথ্য স্থানান্তর এবং আপলোড করা

স্মার্ট ভিএ ডেস্কটপ এপ্লিকেশনে পরবর্তীতে তথ্য বিশ্লেষন করার জন্যে ভিএর সংগৃহীত তথ্যসমূহ ডাটাবেসে আপলোড করা প্রয়োজন।[৫]

দুটো পদ্ধতিতে তথ্য স্থানান্তর করা যাবে, অনলাইনের মাধ্যমে (ওয়াইফাই অথবা মোবাইল নেটওয়ার্ক ব্যবহার করে) অথবা অফলাইনের মাধ্যমে (কম্পিউটারে তথ্য আপলোড করে)। ভিএ সাক্ষাৎকারের তথ্য স্থানান্তরের জন্যে আগে থেকেই পদ্ধতি নির্বাচন করতে হবে।

**যদি অনলাইন পদ্ধতি ব্যবহার করা হয়,** ভিএ সাক্ষাৎকার সম্পন্ন হলে সেভ করার পর, ভিএ সাক্ষাৎকারগ্রহনকারী সাক্ষাৎকারটি নির্বাচন করে টেবলেটের "চূড়ান্ত ফর্ম পাঠান" অপশনটি চাপুন (ফিগার ৬ দেখুন)। প্রাসঙ্গিক ভিএ সাক্ষাৎকারগুলো নির্বাচিত করে বিশ্লেষণের জন্যে রিমোট সেন্ট্রাল সার্ভারে পাঠাতে হবে।




**যদি অফলাইন পদ্ধতি ব্যবহার করা হয়,** ভিএ সাক্ষাৎকারগ্রহণকারীকেট্যাবলেটটি উপযুক্ত স্থানে নিতে হবে। ইউসিবি কেবলের মাধ্যমে ট্যাবলেটটি কম্পিউটারের সাথে সংযুক্ত করতে হবে। তথ্য বিশ্লেষনের জন্যে কম্পিউটারে ভিএ তথ্যসমুহ সেভ করতে হবে।

৫ সাধারণ তথ্য মডিউলের জন্য নির্দেশনা

এই সাধারণ তথ্য মডিউল সম্পন্ন হয়েছে ভার্বাল অটোপসি সাক্ষাৎকারের জন্য। ইহাতে নিম্নের বিষয়ের উপর প্রশ্ন থাকে-

ড মৃত ব্যাক্তির ঠিকানা
ড সম্মতি
ড মৃত্যু সম্পর্কে
ড মৃত্যুর নোটিফিকেশন

কিছু মৃত ব্যাক্তির তথ্যের প্রশ্ন স্থানীয় রিপোর্ট অথবা সার্ভিলেন্সের তথ্য থেকে নিতে হবে এবং সাক্ষাতকার নেওয়ার জন্য ফিল্ডে যাওয়ার পূর্বে এগুলো সংগ্রহ করতে হবে। যখন সাধারণ তথ্য মডিউল শেষ হবে তখন ট্যাবলেট সংয়ক্রিয় ভাবে যথাযথ বয়স ভিত্তিক ভিএ মডিউলে স্থানান্তরিত হবে।

---

[5]পরবর্তী নির্দেশনা সাক্ষাৎকারগ্রহণকারীদের ভুমিকা সম্পর্কিত। অনলাইন এবং অফলাইন পদ্ধতি ব্যবহার করে ডাটা ট্রান্সফারের এবং ডাটা ম্যানেজমেন্টের ট্যাকনিকাল নির্দেশনাসমুহ স্মার্ট ভিএ ট্যাকনিকাল ম্যানুয়ালে দেয়া হয়েছে।

## ৫.১ সাক্ষ্যাতকার শুরু

সাক্ষাৎকার গ্রহনকারীর জন্য নির্দেশাবলী: মৃত শিশুর / ব্যক্তির বাড়ীতে পৌঁছে পরিবারের সদস্যদের নিকট আপনার পরিচয় ও কাজের উদ্দেশ্য ব্যাখ্যা করুন। উত্তরদাতা হিসাবে শিশুর মাকে/অন্য একজন যিনি মৃতের অসুস্থকালীন সময়ে ঘনিষ্ঠভাবে দেখাশুনা করেছেন, তাকে কথা বলতে অনুরোধ করুন। যদি প্রথমবার সম্ভব না হয় তবে সাক্ষাৎকারের জন্য পরবর্তী সময় নির্বাচন করুন। যখন মা বা প্রধান উত্তরদাতা বাড়ীতে উপস্থিত থাকবেন। নিচে ভুমিকার একটি উদাহরন দেওয়া হলো:

"আমার নাম (আপনার নিজের নাম)। আমি বাংলাদেশ সরকারের স্বাস্থ্য / পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এই এলাকার একজন গ্রাম্য স্বাস্থ্য কর্মী । আমি শুনেছি যে আপনার পরিবারের একজন ইন্তেকাল করেছেন এতে আমি খুবই দুঃখিত। দয়া করে আমার সহানুভুতি গ্রহন করুন। স্বাস্থ্য সেবার মান উন্নয়নের জন্য আমরা ইতিমধ্যে এই এলাকায় যে সকল মৃত্যু সংঘটিত হয়েছে সেগুলির তথ্য সংগ্রহ করছি। আমি মৃত শিশুর মা বা যিনি মৃত্যুর আগে উনার অসুস্থকালীন সময়ে দেখাশুনা করেছেন তাকে কিছু প্রশ্ন করতে চাচ্ছি। "

### সকশন ১: মৃত্যু সম্পর্কিত প্রশ্নাবলী

- সাক্ষাৎকারের শুরুতে স্থানীয় স্ট্যান্ডার্ডের উপর ভিত্তি করে মৃত ব্যক্তির একটি পরিচিতি নাম্বার দেয়া হবে। স্পেস অপশনটি স্পর্শ করে আইডি নাম্বারটি টাইপ করুন।

১.১ ঠিকানা/ খানায় যাওয়ার দিক নির্দেশনা

স্পেস অপশনটি স্পর্শ করুন, কীবোর্ড সহ একটি পপ আপ স্ক্রিন আসবে। কীবোর্ডটি ব্যবহার করে ঠিকানাটি টাইপ করুন।

সেকশন ২: সম্মতি

সাক্ষাৎকার গ্রহণকারীর জন্যে নির্দেশনাবলী: উত্তরদাতাকে সম্মতিপত্রটি পড়ে শোনান। উত্তরদাতার কোন প্রশ্ন আছে কিনা জানতে চান। উত্তরদাতা সাক্ষাৎকারে অংশগ্রহনে ইচ্ছুক কিনা জেনে উনাকে প্রশ্ন করুন।

স্ক্রিনে উত্তরদাতার সম্মতি প্রদানের ভিডিওটি রেকর্ড করার জন্যে একটি অপশন দেয়া থাকবে। স্ক্রিনে ২টি অপশন দেয়া আছে:

**ভিডিও রেকর্ডকরুন**
**ভিডিও নির্বাচন করুন**

সম্মতি দেয়ার ভিডিওটির রেকর্ড শুরু করার জন্যে রেকর্ড ভিডিও অপশনটি চাপুন এবং রেকর্ডিং শেষ হলে পুনরায় অপশনটি চাপুন (ভিডিও করা বাধ্যতামুলক নয়)।

২.১উত্তরদাতা কি সম্মতি দিয়েছেন?

*তিনি এই স্টাডিতে অংশগ্রহন করতে ইচ্ছুক কিনা জানতে চান, শুধুমাত্র 'হ্যা' অথবা 'না'একটি রেডিও বাটন চিহ্নিত করুন। যদি উত্তর 'হ্যা'হয় তাহলে ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে প্রশ্নে স্কিপ করবে। আর যদি উত্তর 'না'হয় তাহলে সাক্ষাৎকারগ্রহণকারীর উদ্দেশ্যে স্ক্রিনে নির্দেশনা আসবে উত্তরদাতাকে তার সময় দেয়ার জন্যে ধন্যবাদ জানানো এবং সাক্ষাৎকারটি শেষ করার জন্যে।*

সেকশন ৩: মৃত ব্যাক্তি সম্পর্কিত প্রশ্ন

সাক্ষাৎকার গ্রহণকারীর জন্যে নির্দেশনাবলী: এখানে অনেক প্রশ্নের তথ্য আপনার কাছে থাকতে পারে তবে সঠিক তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে উত্তরদাতার কাছ হতে জানতে হবে।

৩.১ মৃত ব্যাক্তির নাম কি?

স্পেস অপশনটি স্পর্শ করলে স্ক্রিনে একটি কীবোর্ড আসবে। এই কীবোর্ডটি ব্যবহার করে সেখানে মৃত ব্যাক্তির নাম টাইপ করুন। কোন অবস্থাতে এ ঘর খালি রাখা যাবেনা।

৩.২ মৃত ব্যক্তি কোন সালে জন্মগ্রহণ করেছিলেন?

৩.৪ মৃত ব্যক্তি কোন মাসে জন্মগ্রহণ করেছিলেন?

৩.৪ মৃত ব্যক্তি কোন মাসের কোন তারিখে জন্মগ্রহণ করেছিলেন?

৩.২মৃত ব্যক্তি কি পুরুষ / মহিলা/ হিজড়া ?

৩.৩মৃত শিশুর / ব্যক্তির ঠিকানাঃ

জেলাঃ

উপজেলাঃ

ইউনিয়নঃ

গ্রামঃ

৩.৪ মৃত শিশুর / ব্যক্তির জন্ম তারিখ কি জানা আছে ? যদি উত্তর হ্যাঁ হয় তাহলে

মৃত শিশুর / ব্যক্তির জন্ম তারিখ কি ?

৩.৫ মৃত্যুর তারিখ কি জানা আছে ? যদি উত্তর হ্যাঁ হয় তাহলে

মৃত্যুর তারিখ কি ?

যদি উত্তর না হয় তাহলে,

৩.৬ মৃত ব্যক্তির বয়স:

মৃত ব্যক্তির বয়স কত ?

বছরঃ বয়স যদি ১ বছর বা বেশী হয়।

মাসঃ বয়স যদি ১ বছরের কম হয়।

দিনঃ বয়স যদি ১ মাসের কম হয়।

সাক্ষাৎকার গ্রহনকারীর জন্যে নির্দেশনাবলী: যদি ২৪ঘন্টার কম হয় তাহলে ফাঁকা স্থানে ০০ লিখুন। যদি মৃতের বয়স ২৭দিনের বেশী হয় তাহলে সময় দিনে লিখুন। ২৮দিন হলে ১মাস লিখুন। বয়স ১ থেকে ১১ মাসের মধ্যে হলে, সময় মাসে লিখুন। বয়স ১২মাস হলে ১বছর লিখুন। বয়স ১বছর বা তার উপরে হলে, সময় বছরে লিখুন।

যদি মৃত ব্যাক্তির জন্ম তারিখ অথবা বয়স না জেনে থাকে, তাহলে উত্তরদাতা জন্মসাল/তারিখের সাথে সম্পর্কিত কোন ঐতিহাসিক ঘটনা (গ্রামে ঘটিত, জেলায় ঘটিত, এলাকায় ঘটিত, দেশে ঘটিত কিংবা বিশ্বে ঘটিত) মনে করতে পারেন কিনা তা জানতে চান। এক্ষেত্রে ঐতিহাসিক ঘটনার দিনপুঞ্জিকা মৃত ব্যাক্তির বয়স আনুমানিক বয়স বের করতে আপনাকে সহায়তা করবে।

যদি 'উত্তর দিতে অস্বীকৃতি' বা 'জানি না' রেডিও বাটন ক্লিক করা হয়,

৩.৭ আপনার জানা মতে মৃত ব্যাক্তির কোন বয়সসীমায় ছিল?

আপনি যদি অনিশ্চিত হন, দয়া করে প্রশ্নটি আবার পড়ুন এবং নিচের বয়সসীমা হতে যেকোন একটি রেডিও বাটন ক্লিক করুন।

- ২৮দিনের কম
- ২৮দিন - ১১বছর
- ১২বছরের বেশী হলে
- অনিচ্ছা
- অজানা

যদি 'উত্তর দিতে অস্বীকৃতি' বা 'জানি না' রেডিও বাটন ক্লিক করা হয় তাহলে ট্যাবলেটের স্ক্রিনে সাক্ষাৎকারগ্রহণকারীর জন্যে একটি পপ আপ আসবে যেখানে উত্তরদাতাকে সময় দেয়ার জন্যে ধন্যবাদ জানিয়ে সাক্ষাৎকার শেষ করতে বলা হবে।

৩.৮ মৃত ব্যাক্তি কোথায় মারা গেছেন?

যে স্থানে মৃত্যুর ঘটনা ঘটেছে সেই যথাযথ স্থানটি চিহ্নিত করুন। এটি হচ্ছে সেই স্থান যেখানে ব্যাক্তি মারা গেছে (নড়ছে না, নিঃশ্বাস নিচ্ছে না), তা প্রথম লক্ষ্য করা হয়। মৃত্যু 'হাসপাতালে'(স্বাস্থ্য কেন্দ্র যেখানে রোগী ভর্তি থাকার সুবিধা আছে) অথবা 'অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রে' (ফার্মেসী, স্বাস্থ্য কেন্দ্র বা প্রাইভেট ক্লিনিক যেখানে বাহিরের রোগী হিসেবে রোগী দেখা হয়) অর্থাৎ কোথায় হয়েছে তা আলাদা করুন। যেকোন একটি অপশন চিহ্নিত করুন। 'অন্যান্য' অপশনটি মার্ক করলে পরবর্তী পৃষ্ঠায় একটি পপ আপ কিবোর্ড আসবে মৃত্যু স্থান লিখার জন্যে।

- হাসপাতালে
- অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রে
- হাসপাতালে যাওয়ার পথে বা স্বাস্থ্য কেন্দ্রে যাওয়ার পথে
- বাসায়
- অন্যান্য (নির্দিষ্ট করুন)
- অনিচ্ছা
- অজানা

উত্তরদাতার  সম্পর্কে তথ্যঃ

সাক্ষাৎ গ্রহনকারীর প্রতি নির্দেশনাবলীঃ উত্তরদাতাকে বলেন যে এখন আপনি তার সম্পর্কে কিছু প্রশ্ন  করবেন।

উত্তরদাতার নামঃ

উত্তরদাতার লিঙ্গঃ

উত্তরদাতার বয়সঃ

মৃত শিশুর / ব্যক্তির  সাথে আপনার সম্পর্কঃ

## সেকশন ৪: মৃত্যুর নোটিফিকেশন সংক্রান্ত প্রশ্নাবলী

৪.১এই মৃত্যুটি কি রেজিস্টার করা হয়েছে?

উত্তরদাতার কাছে জানতে চান স্থানীয় রেজিস্ট্রি অফিসে এই মৃত্যু সম্পর্কিত বিস্তারিত তথ্য রেজিস্টার করা হয়েছে কিনা এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- হ্যা
- না
- অনিচ্ছা
- অজানা

যদি 'না', 'উত্তর দিতে অস্বীকৃতি' বা 'জানি না' মার্ক করা হয় তাহলে ট্যাবলেট ৪.৪ (সাধারণ-৬-৪) এ স্কিপ করবে।

৪.২রেজিস্ট্রেশনের তারিখ রেকর্ড করুন।

যদি ৪.১ এর উত্তর 'হ্যা' হয় তাহলে ট্যাবের নির্দেশনা অনুসরন করুন এবং বছর, মাস, দিন লিখুন।

বছর: ____________________________ (বছরের চারটি ডিজিট লিখুন, যদি না জেনে থাকে তাহলে ৯৯৯৯ লিখুন )

মাস: ____________________________ (মাসের ক্ষেত্রে জানুয়ারী হলে '১' এভাবে লিখুন, যদি না জেনে থাকে তাহলে ৯৯ লিখুন)

দিন: ______________________________ (১ হতে ৩১এর মধ্যে যেকোন একটি দিন লিখুন, যদি না জেনে থাকে তাহলে ৯৯ লিখুন )

৪.৩ রেজিস্ট্রেশন নাম্বারটি রেকর্ড করুন।

স্পেশ স্পর্শ করুন এবং পপ আপ কীবোর্ড ব্যবহার করে নাম্বারটি লিখুন।

৪.৪এই মৃত্যুটি কি নোটিফাই করা হয়েছে?

যদি এই মৃত্যুটি রেজিষ্টার করা না হয়ে থাকে, আপনি কি স্থানীয় রেজিস্ট্রিতে এই মৃতুটি নোটিফাই করেছেন?  যথাযথ যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- হ্যা
- না

- অজানা

*যদি 'না', 'উত্তর দিতে অস্বীকৃতি' বা 'জানি না' মার্ক করা হয় তাহলে ট্যাবলেট ৪.৬ (সাধারণ-৬-৬) এ স্কিপ করবে।*

৪.৫নোটিফিকেশন নাম্বারটি রেকর্ড করুন।
যদি উত্তর হ্যা হয় অর্থাৎ নোটিফাই করে থাকেন, তাহলে উল্লেখিত খালি স্থানে নাম্বারটি লিখুন।

৪.৬ মৃত ব্যাক্তির কি জাতীয়পত্র নাম্বার ছিল?

উত্তরদাতার কাছে জানতে চান মৃত ব্যাক্তির জাতীয় পরিচয়পত্র বা নাম্বার ছিল কি না। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- হ্যা
- না
- জাতীয় পরিচয়পত্র নাম্বারের জন্যে বয়স হয়নি
- প্রযোজ্য নয়
- অনিচ্ছা
- অজানা

*যদি উত্তর ' জাতীয় পরিচয়পত্র নাম্বারের জন্যে বয়স হয়নি' মার্ক করা হয় তাহলে ট্যাবলেট ৪.৮(সাধারণ-৬-৮) এ স্কিপ করবে।*

*যদি উত্তর 'না', 'উত্তর দিতে অস্বীকৃতি' বা 'জানি না' হয় তাহলে ট্যাবলেট বয়স ভিত্তিক নির্দিষ্ট ভিএ মডিউলে চলে যাবে।*

৪.৭ জাতীয় পরিচয় নাম্বারটি রেকর্ড করুন।

*যদি জাতীয় পরিচয়পত্র নাম্বার থাকে তাহলে ফাঁকা স্থানে নাম্বারটি লিখুন।*

*বয়স খুব কম (ন্যাশনাল আইডি এর জন্য),*

*বাবার নামঃ( যদি থাকে )*

*বাবার নামের শেষ অংশ :*

*বাবার প্রথম নামঃ*

*বাবার অন্যান্য নামঃ*

*মায়ের নামঃ ( যদি থাকে )*

*মায়ের নামের শেষ অংশ :*

*মায়ের প্রথম নামঃ*

*মায়ের অন্যান্য নাম*

৪.৮ পিতা মাতা যেকোন একজনের জাতীয় পরিচয়পত্র নাম্বার আছে?

*উত্তরদাতার কাছে জানতে চান মৃত ব্যাক্তির বাবা বা মা যেকোন একজনের জাতীয় পরিচয় পত্র আছে কিনা। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।*

- *হ্যা*
- *না*

- *অনিচ্ছা*
- *অজানা*

*যদি উত্তর 'না ','উত্তর দিতে অস্বীকৃতি'  বা 'জানি না' হয় তাহলে ট্যাবলেট বয়স ভিত্তিক নির্দিষ্ট ভিএ মডিউলে চলে যাবে।*

৪.৯'বাবা বা মা' কার তথ্য রেকর্ড করা হয়েছে?
*যদি বাবা মা'র আইডি নাম্বার তেকে থাকে তাহলে জানতে চান রেকর্ডের জন্যে কার নাম্বারটি নেয়া হবে।*

- মা
- বাবা

৪.১০বাবা বা মায়ের জাতীয় পরিচয়পত্র নাম্বারটি রেকর্ড করুন।
*দয়া করে আইডি কার্ডটি দেখুন এবং নাম্বারটি রেকর্ড করুন*

***যদি মৃতের বয়স ২৮দিনের কম হয়, ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে নবজাতক মডিউলে স্কিপ করবে***

***যদি মৃতের বয়স ২৯ দিন থেকে ১১বছরের মধ্যে হয়, ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে শিশু ভিএ মডিউলে স্কিপ করবে***

***যদি মৃতের বয়স ১২বছর বা তার বেশী হয়, ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে কিশোর এবং বয়স্ক ভিএ মডিউলে স্কিপ করবে***

| |
|---|
| **সাধারণমডিউলে সমাপ্তি**<br>**বয়স ভিত্তিক মডিউলে চলুন** |

## 6: নবজাতক মৃত্যু এবং মৃতজন্ম (স্টীলবার্থ) জন্যে বয়স-ভিত্তিক মডিউল

**সাক্ষাৎকার গ্রহণকারীর প্রতি নির্দেশনা:** এই নিওনেটাল মডিউলটি মৃত জন্ম এবং সেই মৃত শিশুটির জন্য মৃত্যুর সময় যার বয়স ছিল ০-২৮ দিন এর ভিতরে, সেই নবজাতকগুলোর জন্য। এই মডিউলের অর্ন্তভুক্ত:

- পটভুমি
- গর্ভকালীন ইতিহাস
- নবজাতকের মৃত্যু
- স্বাস্থ্য রেকর্ড
- ওপেন রেসপন্স ( ৭ কিওয়ার্ড চেকলিস্ট)

ট্যাবটি স্বংক্রিয়ভাবেএই মডিউলটি সিলেক্ট করবে যখন মৃত শিশুটির বয়স এই ক্যাটাগরিতে পরবে। প্রয়োজন অনুযায়ী ট্যাবটি একটি প্রশ্ন অথবা একাধিক প্রশ্ন স্বয়ংক্রিয়ভাবে স্কিপ করবে।

### সেকশন ১: পটভুমি

১.১:মৃত শিশুটির মা কি এখনো বেঁচে আছেন?
সাক্ষাৎকার গ্রহণের সময় শিশুটির মা যদি উপস্থিত না থাকে, জিজ্ঞেস করুন মৃত শিশুটির মা এখনো জীবিত আছেন কি?

যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না

১.২:জন্মের সময় মৃত শিশুটির ওজন কত ছিল?
কম ওজন নবজাতকের মৃত্যু ঝুকি বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ কারণ হিসেবে ধরা হয়। যদি মৃত শিশুটির ওজন সম্পর্কে জানা যায় বা পাওয়া যায় তাহলে তা রেকর্ড করুন এবং যেকোন একটি বাটন চিহ্নিত করুন। "গ্রাম" অথবা "কিলোগ্রাম" এর জন্য বাটনটি চিহ্নিত করুন, শিশুর ওজন লেখার পর পরের ধাপে যেতে পারবেন। "গ্রাম" অথবা "কিলোগ্রাম" অজানা হলে ৯৯৯৯ লিখুন।

- ○ ----------গ্রাম (অজানা হলে ৯৯৯৯ লিখুন)
- ○ ---------কিলোগ্রাম (অজানা হলে ৯৯৯৯ লিখুন)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

**উত্তর যদি জন্মের সময় মৃত শিশুটির ওজন জানা থাকে তাহলে ১.**৪ নং প্রশ্নে যান।
উত্তর যদি অনিচ্ছা অথবা অজানা হয় তাহলে, ১.৩নং প্রশ্নে যান।

১.৩:জন্মের সময় মৃত শিশুটি দেখতে কেমন ছিল?
প্রশ্নের প্রথম পার্টটি পড়ুন এবং তারপর প্রথম চারটি উত্তর ধীরে ধীরে বলুন। উত্তরদাতাকে ছবিগুলো দেখান (স্ক্রিনে) যাতে করে তিনি যেন শিশুটির জন্মের সময় কেমন ছিল তা বুঝতে এবং মনে করতে পারেন। উত্তরদাতা প্রথমে চারটি উত্তরই জেনে বুঝে উত্তর দিবেন। আমরা জানতে চাই শিশুটি ছোট হয়েছিল নাকি বড় হয়েছিল কারণ দুটোই সমস্যার কারণ হতে পারে। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ খুবই ছোট
- ○ স্বাভাবিকের চেয়ে ছোট
- ○ প্রায় স্বাভাবিক
- ○ স্বাভাবিকের চেয়ে বড়
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.৪: শিশুটি কি জীবিত না মৃত জন্মেছিল?
প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ জীবিত
- ○ মৃত
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.৫:শিশুটি কি কখনো কেঁদেছিল?
এই প্রশ্নটি আমাদের বুঝতে সহযোগীতা করবে যে শিশুটি মৃতজন্ম ছিল কিনা। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.৬:শিশুটি কি কখনো নড়েছিল?
এই প্রশ্নটি আমাদের বুঝতে সহযোগীতা করবে যে শিশুটি মৃতজন্ম ছিল কিনা। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.৭:শিশুটি কি কথনো শ্বাস-প্রশ্বাস ফেলেছিল?
এই প্রশ্নটি আমাদের বুঝতে সহযোগীতা করবে যে শিশুটি মৃতজন্ম ছিল কিনা। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

*সাক্ষাৎকার গ্রহণকারীর জন্য নির্দেশনা: ১.৫, ১.৬ এবং ১.৭ এই তিনটি প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, স্ক্রিনে পরের একটি পেইজ দেখানো হবে যেখানে বলা আছে " কারণ শিশুটির বয়স বেশি ছিল" অথবা শিশুটি হয় কেঁদেছিল নাহয় নড়াচড়া করেছিল নাহয় শিশুটি শ্বাস-প্রশ্বাস ফেলেছিল ", শিশুটি মৃতজন্ম ছিল না। এই তিনটি প্রশ্নের উত্তর না হয়, স্ক্রিনে পরের একটি পেইজ দেখানো হবে কারণ শিশুটি কখনো কাদেঁনি, নড়াচড়া করেনি, অথবা শ্বাস-প্রশ্বাস ফেলেনি। শিশুটি মৃতজন্ম ছিল।*

***উত্তর মৃতজন্ম হলে ১.৯ এ যান।***
***উত্তর জীবিতজন্ম হলে ১.১৩ এ যান।***

১.৯ জন্মের সময় শিশুটির গায়ে কোন থেতলানো (কালচে বর্ণের) বা আঘাতের চিহ্ন ছিল?
জন্ম গত আঘাত হল এমন এক আঘাত যা জন্মের সময় ঘটতে পারে যেমন কালশিটে পড়ে যাওয়া অথবা হাঁড় ভেঙ্গে যাওয়া। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.১০:শিশুটির চামড়ার (শরীরে) কোন অংশে ফুলা ছিল?
শরীরে বা চামড়ার কোন অংশ কোমল বলতে বুঝায় যে শরীরের ঐ অংশ খুবই নরম ছিল এবং এমনকি ধরার সময় কিছু অংশ খুলে এসেছিল। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.১১:প্রসবের পর পর শিশুটির শরীরের কোন অংশ অস্বাভাবিক ছিল কি? যেমন, কোন অঙ্গ খুব বড় বা ছোট আকৃতির, শরীরে কোন ফুলা বা চাকা।
এটার মানে হল, শরীরের এক বা একাধিক অংশ স্বাভাবিক আকৃতির ছিলকি না; উদাহরণস্বরূপ, ঠোট অথবা পিঠের কোন অংশ উন্মুক্ত ছিল অথবা শরীরের কোন অঙ্গ স্বাভাবিক আকৃতির ছিল না।

যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি "না", "অনিচ্ছা", অথবা "অজানা" হয় তাহলে সেকশন ২ এ যান।

১.১২: জন্মের সময় অঙ্গ বিকৃতি/ অস্বাভাবিকতা গুলি কি কি ছিল?

এই প্রশ্ন জিজ্ঞেস করে জানতে চেয়েছি , শিশুটি ঠিক কি কারণে অসুস্থ হয়ে থাকতে পারে। উত্তরগুলো ধীরে ধীরে একরে পর এক পড়ুন। এবং স্ক্রিনে ছবিগুলো দেখান যেন অস্বাভাবিকতাগুলো বুঝতে এবং মনে করতে পারেন। একাধিক উত্তর হতে পারে। উত্তর অন্যান্য তে মার্ক করা হয় তাহলে পরের পৃষ্ঠায় লিখার সময় তালিকা বহির্ভুত ব্যতিক্রমগুলোর জায়গা রাখা থাকবে।

- ○ জন্মকালীন অতি ছোট আকৃতির মাথা
- ○ জন্মকালীন খুব বড় আকৃতির মাথা
- ○ মাথার পেছনে বা মেরুদন্ডে মাংসপিন্ড
- ○ __________অন্যান্য
- ○ অনিচ্ছা
- ○ জানিনা

মৃতজন্মের জন্য করা ১.১২এর প্রশ্নগুলো শেষ করার পর, সেকশন ২ এ যেতে হবে।

১.১৩: মারাত্মক অসুস্থতা যখন শুরু হয়েছিল তখন শিশুটির বয়স কত ছিল?)

প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন। "দিন" এবং "মাস " চিহ্নিত স্থানে লেখার সময় বয়স দিন ও মাসে লেখার জন্য জায়গা থাকবে। শিশুর বয়স এক মাসের কম হলে লিপিবদ্ধ করুন (০-২৭ দিন)। দিনের সংখ্যা লিখুন অথবা ২৪ ঘন্টার কম হলে ০০ রেকর্ড করুন।

- ○ দিন (পরের পেইজে যান) অজানা হলে ৯৯ লিখুন
- ○ মাস (পরের পেইজে যান) অজানা হলে ৯৯ লিখুন
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.১৪: অসুখটিকতক্ষনস্থায়ী ছিল?

প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন। অসুস্থতা কতদিন স্থায়ী ছিল লিখুন। "দিন" ও "মাস" চিহ্নিত স্থানে লিখার সময় "পপ আপ" কি বোর্ড ব্যবহার করে মেয়াদ লিখার জন্য জায়গা থাকবে। সময়সীমা ২৪ ঘন্টার কম হলে ০০ লিখুন অথবা ২৮ দিনের চেয়ে কম হলে দিনের সংখ্যা লিখুন।

- দিন (পরের পেইজে যান) অজানা হলে ৯৯ লিখুন
- মাস (পরের পেইজে যান) অজানা হলে ৯৯ লিখুন
- অনিচ্ছা
- অজানা

১.১৫মৃত্যুর সময় শিশুটির বয়স চিহ্নিত করুন।
প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ২৮ দিনের চেয়ে কম
- ২৮ দিন থেকে ১১ বছর

## সেকশন ২: গর্ভকালীন ইতিহাস

২.১: গর্ভাবস্থার শেষের ৩ মাসে প্রসব বা খালাসের সময় নিম্নলিখিত জটিলতার কোনটি হয়েছিল কিনা?)
আমরা এই প্রশ্নটি এই কারণে জানতে চাচ্ছি যে, যদি এগুলোর কোনটির (গর্ভাবস্থা, লেবার অথবা প্রসব) সময় জটিলতা হত, তাহলে এটি একটি ঝুকির কারণ যার পরিণতিতে মৃতজন্ম বা নবজাতকের মৃত্যু হতে পারতো। প্রত্যেকটি জটিলতা পড়ুন এবং প্রযোজ্যগুলো চিহ্নিত করুন। (একাধিক উত্তর চিহ্নিত করা যাবে)। যদি উত্তর হ্যাঁ হয়, তবে চেক বক্স চিহ্নিত করুন অন্যথায় খালি রাখুন। উত্তরদাতা মা ভিন্ন অন্য কেউ হলে "মায়ের" বলে সম্মোধন করুন।

- আপনার (মা) খিঁচুনি ছিল
- আপনার (মা) উচ্চ রক্তচাপ ছিল
- আপনার (মা) মারাত্মকরক্ত স্বল্পতা ছিল
- আপনার (মা) বহুমুত্র/ডায়াবেটিস রোগ ছিল
- গর্ভ খালাসের সময় বাচ্চার মাথা আগে আসে নাই।
- নাড়ী আগে খালাস হয়েছিল
- নাড়ী শিশুর গলায় পেঁচিয়েছিল
- অতিরিক্ত রক্তপাত
- প্রসবকালীন জ্বর
- কোন জটিলতা নেই
- অনিচ্ছা
- অজানা

২.২: প্রসবের কয়েকদিন আগে থেকে শিশুটি পেটে নড়াচড়া করছিল?
প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৩: পানি ভাঙার সময় পানির রং কেমন ছিল?
এই প্রশ্নটির উদ্দেশ্য হচ্ছে শিশুটি মাতৃগর্ভে কোন চাপে ছিল কিনা যার কারণে জন্মের পূর্বে পায়খানা, এমনিওটিক ফুইল্ডে নির্গত হয়। প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন। "অন্যান্য"বাটনটি মার্ক করা হলে পরের পৃষ্ঠায় লিখার সময় তালিকায় না থাকা অন্যান্য রং লিখার জন্য জায়গা থাকবে।

- ○ সবুজ বা বাদামী
- ○ স্বচ্ছ
- ○ ----------অন্যান্য
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৪: প্রসব ব্যথা বা বাচ্চা খালাস হতে কত সময় লেগেছিল?
প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন। "ঘন্টা" বাটনটি মার্ক করা হলে পরবর্তীতে একটি স্পেস আসবে সেখানে ডেলিভারি হতে মোট কত সময় লেগেছে তা লিপিবদ্ধ করুন। প্রসব ব্যথা কত সময় ছিল এবং ডেলিভারি হতে কত সময় লেগেছিল রেকর্ড করুন।
নোট: লেবার শুরু হয় যখন কন্ট্রাকশন ১০ মিনিটের কম হয়। ঘন্টা হিসাব করার সময় ১ দিন = ২৪ ঘন্টা গণনা করুন। যদি ১ ঘন্টার চেয়ে কম হয় তাহলে ০০ রেকর্ড করুন।

- ○ ঘন্টা (পরের পেইজে যান) জানা হলে ৯৯ লিখুন
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৫:কে বাচ্চা খালাস করেছিল?
সঠিক বক্সটি চিহ্নিত করুন, যিনি প্রসব করানেরা জন্য প্রাথমিক ভাবে দায়িত্বশীল ছিলেন। "নিজে (মা)" চিহ্নিত করা হলে বোঝানো হবে প্রসবের সময় মাকে সহযোগীতা করার জন্য অন্য কেউ ছিল না। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন। "অন্যান্য" বাটনটি মার্ক করা হলে পরের পৃষ্ঠায় লিখার সময় তালিকায় না থাকা অন্যান্য ব্যক্তির নাম লিখার জন্য জায়গা থাকবে।

- ○ ডাক্তার

- নার্স/ মিডওয়াইফ
- আত্মীয়
- নিজে (মা)
- টি বি এ
- --------অন্যান্য
- অনিচ্ছা
- অজানা

২.৬: শিশুটি কিভাবে ভুমিষ্ঠ হয়েছিল?

অপশনগুলো পড়ুন এবং ঐ অপশনটি মার্ক করুন যেটি প্রকৃতপক্ষে প্রসবের পদ্ধতি হিসেবে ব্যবহার করা হয়েছিল। ”নরমাল ডেলিভারী” মানে একটি হল নরমাল ডেলিভারী (যন্ত্র দিয়ে/ যন্ত্র ছাড়া)। ”সিজারিয়ান অপারেশন” মানে হল মহিলাটিকে সার্জারির মাধ্যমে ডেলিভারি করানো হয়েছে। যেকোন একটি রেডিও বাটন চিহ্নিত করুন।

- নরমাল ডেলিভারী (যন্ত্র দিয়ে)
- নরমাল ডেলিভারী (যন্ত্র ছাড়া)
- নরমাল ডেলিভারী (যন্ত্র দিয়ে কিনা তা জানা নেই)
- সিজারিয়ান অপারেশন
- অনিচ্ছা
- অজানা

***STOP***

**আবার ১.৮ (মৃত জন্ম) প্রশ্নে যান। আপনি যদি হ্যাঁ উত্তর করে থাকেন তাহলে সেকশন ৪ যান।**

**উত্তর যদি ”না ” (জীবিত জন্ম) হয়ে থাকে এবং শিশুটির বয়স যদি ২৮ দিনের কম হয়ে থাকে তাহলে সেকশন ৩ এ যান।**

## সেকশন ৩: নবজাতকের মৃত্যু

৩.১:প্রসবের পরপর বাচ্চাটির শরীরের কোন অংশ অস্বাভাবিক ছিল? যেমন, শরীরের কোন অঙ্গ খুব বড় বা ছোট আকৃতির, শরীরের কোন অংশে অস্বাভাবিক বৃদ্ধি/ ফুলা বা চাকা

স্ক্রিনে ছবিগুলো দেখান যেন অস্বাভাবিকতাগুলো বুঝতে এবং মনে করতে পারেন। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- হ্যাঁ
- না
- অনিচ্ছা
- অজানা

উত্তর যদি ”না”, ”জানিনা” অথবা অনিচ্ছা হয় তাহলে ৩.৩ নং প্রশ্নে যান।

৩.২: জন্মগত অংগ বিকৃতিগুলো কি ছিল?

এই প্রশ্ন জিজ্ঞেস করে জানতে চেয়েছি , শিশুটি ঠিক কি কারণে অসুস্থ হয়ে থাকতে পারে। উত্তরগুলো ধীরে ধীরে একরে পর এক পড়ুন। এবং স্ক্রিনে ছবিগুলো দেখান যেন অস্বাভাবিকতাগুলো বুঝতে এবং চিনতে পারেন। প্রযোজ্য সবগুলো উত্তর মার্ক করুন (একাধিক উত্তর হতে পারে)। উত্তর অন্যান্য মার্ক করা হলে পরের পৃষ্ঠায় লিখার সময় তালিকা বহির্ভূত ব্যতিক্রমগুলো জায়গা থাকবে।

- ○ জন্মকালীন অতি ক্ষুদ্রাকৃতির মাথা
- ○ জন্মকালীন বৃহদ্রাকৃতির মাথা
- ○ মাথার পিছনে বা মেরুদন্ডে মাংসপিন্ড
- ○ -----------অন্যান্য
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.৩:জন্মের সাথে সাথে শিশুটি কি শ্বাস নিয়েছিল?

স্বাভাবিক শ্বাস প্রক্রীয়া কষ্ট করে শ্বাস নেওয়া এবং শ্বাস নেয়ার দূর্বল প্রচেষ্টাকে অন্তভূক্ত করবেনা। প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

**উত্তর যদি "না" হয় তাহলে ৩.৫ নং প্রশ্নে যান।**

৩.৪: শিশুটির কি শ্বাস কষ্ট ছিল?

" শ্বাসকষ্ট"বলতে বুঝায় যে শ্বাস নেওয়ার জন্য বাচ্চাটিকে স্বাভাবিকের চেয়ে বেশী কষ্ট করতে হয়েছিল।
যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.৫:জন্মের সাথে সাথে শ্বাস-প্রশ্বাস চালু করার জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়েছিল?

জিজ্ঞেস করুন জন্মের সময় নবজাতককে শ্বাস প্রশ্বাস নেবার জন্য কোন পদ্ধতি বা কৌশল অবলম্বন/ প্রয়োগ করা হয়েছিল কিনা।
যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.৬: জন্মের সাথে সাথে বাচ্চাটি কি কেঁদেছিল?

"জন্মের সাথে সাথে" মানে জন্মের ঠিক পর পর। সুস্থ নবজাতক জন্মের পর কান্না করে, তাই আমরা জানতে চাই জন্মের পর পর নবজাতকটি কান্না করেছিল কিনা। প্রশ্নটি করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

যদি "হ্যাঁ"হয় তাহলে ৩.৮ নং প্রশ্নে যান।

৩.৭:জন্মের কতক্ষন পরে বাচ্চাটি প্রথম কেঁদেছিল?

আমরা জানতে চাই, শিশুটি জন্মের কতক্ষণ পরে কান্না শুরু করেছিল। প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ ৫ মিনিটের মধ্যে
- ○ ৬-৩০ মিনিটের মধ্যে
- ○ ৩০ মিনিটের মধ্যে
- ○ মোটেও কাঁদে নাই
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি "মোটেই কাঁদে নাই" হয় তাহলে ৩.৯ নং প্রশ্নে যান।

৩.৮:বাচ্চাটি কি কাঁদা বন্ধ করে দিয়েছিল?

"কাঁদা বন্ধ" মানে নবজাতক জন্মের পর কান্না করতে সক্ষম ছিল কিনা। আমরা এই প্রশ্নটি করছি কারণ জন্মের পর কান্না না করা একটি মারাত্মকঅসুস্থতা কে ইঙ্গিত করে। প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.৯বাচ্চাটি জন্মের প্রথম দিনে স্বাভাবিকভাবে বুকের দুধ পান করতে পেরেছিল?

প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি হ্যাঁ হয়, তাহলে ৩.১১ নং প্রশ্নে যান।

৩.১০ বাচ্চাটি কি আদৌ স্বাভাবিকভাবে দুধ পান করতে পেরেছিল?

আমরা জানতে চাই বাচ্চাটি কি আদৌ কখনও স্বাভাবিকভাবে দুধ পান করতে পেরেছিল যদিও সেটি জন্মের প্রথম দিনে না হয়ে থাকে তবুও।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.১১ সর্বশেষ অসুস্থতার সময় শিশুটির কি শ্বাসকষ্ট হয়েছিল ?

" শ্বাসকষ্ট"বলতে বুঝায় যে শ্বাস নেওয়ার জন্য বাচ্চাটিকে স্বাভাবিকের চেয়ে বেশী কষ্ট করতে হয়েছিল।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়, তাহলে ৩.১৩ নং প্রশ্নে যান।

৩.১২শ্বাসকষ্ট কতদিন স্থায়ী হয়েছিল?

আমরা এটা জিজ্ঞেস করছি কারণ এই সমস্যাটি সেই অসুস্থতার কোন অংশ ছিল কিনা যার কারনে বাচ্চাটির মৃত্যু ঘটে তা জানতে প্রশ্নটি সহায়তা করবে। ‘‘দিন’’ বাটনটি মার্ক করলে পরবর্তী পেজে একটি স্পেস আসবে যেখানে শ্বাসকষ্টের স্থায়িত্বকাল লিখতে হবে।

(১ দিনের কম হলে ০০, অজানা হলে ৯৯ লিখুন)

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ --- ---দিন
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.১৩যে অসুখে সে মারা গেল, সেই সময় বাচ্চাটি কি ঘন ঘন শ্বাস ফেলত?

আমরা এই প্রশ্নটি জিজ্ঞেস করছি কারণ এটি আমাদের বাচ্চাটির যে অসুস্থতার জন্য মৃত্যু ঘটে তা জানতে সহায়তা করবে।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়,তাহলে ৩.১৫ নং প্রশ্নে যান।

৩.১৪ ঘন ঘন শ্বাস ফেলা কতদিন স্থায়ী ছিল?
আমরা এটা জিজ্ঞেস করছি কারণ এই সমস্যাটি সেই অসুস্থতার কোন অংশ ছিল কিনা যার কারনে বাচ্চাটির মৃত্যু ঘটে তা জানতে প্রশ্নটি সহায়তা করবে। ''দিন'' বাটনটি মার্ক করলে পরবর্তী পেজে একটি স্পেস আসবে যেখানে ঘন ঘন শ্বাস ফেলার স্থায়িত্বকাল লিখতে হবে।
(১ দিনের কম হলে ০০, অজানা হলে ৯৯ লিখুন)
যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- --- ---দিন
- অনিচ্ছা
- অজানা

৩.১৫যে অসুখে সে মারা গেল,সেই সময় শিশুটির শ্বাসফেলার সময় বুকের খাচাঁ ডেবে যেত?
"বুকের খাচাঁ ডেবে যাওয়া" বলতে বাচ্চাটির শ্বাস নেওয়ার সময় বুকের খাচার নিচের অংশ ডেবে যাওয়া বুঝায়।এটি শ্বাসজনিত অসুস্থতার একটি চিহ্ন যা শ্বাসজনিত অসুস্থতার গুরুতর অবস্থা নির্দেশ করে। আমরা এটা জিজ্ঞেস করছি কারণ এই সমস্যাটি সেই অসুস্থতার কোন অংশ ছিল কিনা যার কারনে বাচ্চাটির মৃত্যু ঘটে তা জানতে প্রশ্নটি সহায়তা করবে।
ছবি প্রদর্শন করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- হ্যাঁ
- না
- অনিচ্ছা
- অজানা

৩.১৬যে অসুখে সে মারা গেল,সেই সময় শিশুটির শরীরে হাত দিলে শরীর কি ঠান্ডা মনে হতো?
শরীরে হাত দিলে শরীর ঠান্ডা হওয়া, গুরুতর অসুস্থতার চিহ্ন। আমরা এটা জিজ্ঞেস করছি কারণ এই সমস্যাটি সেই অসুস্থতার কোন অংশ ছিল কিনা যার কারনে বাচ্চাটির মৃত্যু ঘটে তা জানতে প্রশ্নটি সহায়তা করবে।
যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- হ্যাঁ
- না
- অনিচ্ছা
- অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয় , তাহলে ৩.১৮ নং প্রশ্নে যান।

৩.১৭কতদিন বয়সে শিশুর শরীর ঠান্ডা হওয়া শুরু হয়েছিল?
আমরা এটা জিজ্ঞেস করছি কারণ এটা কোন বয়সে শিশুটি ঠান্ডা অনুভব করতে পারে, এটা আমাদের বাচ্চাটির অসুস্থতার তীব্রতা ও মৃত্যুর কারণ জানতে সহায়তা করবে।"দিন" বাটনটি মার্ক করলে পরবর্তী পেজে একটি স্পেস আসবে যেখানে শরীর ঠান্ডা হওয়া শুরু হওয়ার সময় বাচ্চাটির বয়স লিখতে হবে।
(১ দিনের কম হলে ০০, অজানা হলে ৯৯ লিখুন)
যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- --- ---দিন
- অনিচ্ছা
- অজানা

৩.১৮ যে অসুখে সে মারা গেল, সেই সময় কিছুক্ষন স্বাভাবিক থাকার পর শিশুটির কি লাই লাই ভাব দেখা গিয়েছিল/ নেতিয়ে গিয়েছিল?

“লাই লাই ভাব বা নেতিয়ে পড়া” মানে শিশুটিকে দেখতে ঘুমানোর মতো মনে হলেও তাকে নাড়া দিলে সারা দিবে। এটি বচ্চাটির অসুখের তীব্রতার চিহ্ন।আমরা এটা জিজ্ঞেস করছি  কারণ এই সমস্যাটি সেই অসুস্থতার কোন অংশ ছিল কিনা যার কারনে বাচ্চাটির মৃত্যু ঘটে তা জানতে প্রশ্নটি সহায়তা করবে। যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.১৯যে অসুখে সে মারা গেল, সেই সময় শিশুটির কি অনুভুতিহীন বা অজ্ঞান হয়েছিল?

”অনুভুতিহীন বা অজ্ঞান” মানে, শিশুটি কোন ধরনের উদ্দিপনা যেমন আলো, শব্দ অথবা স্পর্শে সারা না দেয়া । আমরা এটা জিজ্ঞেস করছি কারণ এটি একটি গুরুতর সমস্যা যা অসুস্থতার কারণ নির্ধারণে সহায়তা করতে পারে।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.২০ (যে অসুখে সে মারা গেল,সেই সময় শিশুটির নাভী দিয়ে কি পূঁয বের হয়েছিল?

” পূঁয” হলো গাঁঢ়, ঘন অথবা হলদেটে তরল। যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.২১ যে অসুখে সে মারা গেল, সেই সময় শিশুটির নাভীরজ্জু কি ফুলেগিয়েছিল?

”ফোলা” মানে হলো শরীরের স্থানটি স্বাভাবিকের চেয়ে বেশী ফুলে যাওয়া। ফুলে যাওয়া এবং লাল হয়ে যাওয়া গুরুতর সংক্রমণ নির্দেশ করে।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.২২ সর্বশেষ অসুস্থতার সময় তার শরীরের চামড়া কি হলুদ হয়েছিল?

শরীরের চামড়া হলুদ হওয়ার মানে জন্ডিস। এটি একটি গুরুতর অসুস্থতা যার কারনে মৃত্যু ঘটতে পারে।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৩.২৩শিশুটিকে কি সুস্থ দেখাচ্ছিল, তারপর হঠাৎ করে মারা গেল?
এটি একটি বিরল ঘটনা কিন্তু মাঝে মাঝে হতে পারে যে বাচ্চাটি সুস্থ ছিল কিন্তুহঠাৎ করে মারা গেল। এ ধরনের তথ্য জানা আমাদের জন্য গুরুত্বপূর্ণ ।যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

## সেকশন ৪: স্বাস্থ্য রেকর্ড

৪.১ স্বাস্থ্যসেবা কর্মী কি আপনাকে মৃত্যুর কারণ বলেছিল?
প্রশ্ন জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়, তাহলেট্যাবলেট ৪.৩ নং প্রশ্নে চলে যাবে।

৪.২ স্বাস্থ্যসেবা কর্মী আপনাকে কি বলেছিল ?
প্রশ্ন জিজ্ঞেস করুন এবং স্থান স্পর্শ করে পপ-আপ কি বোর্ড ব্যবহার করে মৃত্যুর কারণ লিখুন।

৪.৩ মুত্যুকালীন অসুস্থতার জন্য বাড়ির বাহিরে -----------কোন চিকিৎসা করা হয়েছিল?
অসুস্থতার জন্য বাড়ির বাহিরে নেয়া হয়েছিল কিনা, এ ধরনের তথ্য জানা আমাদের জন্য গুরুত্বপূর্ণ ।
প্রশ্ন জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়, তাহলেট্যাবলেট ৪.১২ নং প্রশ্নে চলে যাবে।

৪.৪ কোথায় বা কার নিকট থেকে চিকিৎসা নেয়া হয়েছিল?

তালিকা থেকে প্রতিটি উত্তর ধীরে ধীরে একটি একটি করে পড়ে শোনান এবং উপযুক্ত উত্তরসমুহ মার্ক করুন । এক্ষেত্রে একাধিক উত্তর হতে পারে।

- ○ সনাতনী চিকিৎসা
- ○ হোমিওপ্যাথ
- ○ ধর্মীয় নেতা /ইমাম
- ○ সরকারী হাসপাতাল
- ○ সরকারী স্বাস্থ্য কেন্দ্র / ক্লিনিক
- ○ বেসরকারী হাসপাতাল
- ○ কমিউনিটি চিকিৎসক
- ○ টি বি এ
- ○ ব্যক্তিগত চিকিৎসক
- ○ ফার্মাসি/ঔষধ বিক্রেতা/দোকান
- ○ অন্যান্য চিকিৎসক
- ○ আত্মীয়/বন্ধু( বাড়ীর বাইরে)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

৪.৫ হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র থেকে চিকিৎসা করালে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখুন।
প্রশ্ন জিজ্ঞেস করুন এবং স্থান স্পর্শ করে পপ-আপ কি বোর্ড ব্যবহার করে প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা লিখুন।

৪.৬আপনার কাছে কি চিকিৎসার কোন কাগজ-পত্র আছে?
এটা আমাদেরকে গুরুত্বপূর্ণ তথ্য জানতে সাহায্য করবে কারণ চিকিৎসা সম্পর্কিত কাগজপত্র থেকে বাচ্চার অসুস্থতা সম্পর্কে অতিরিক্ত তথ্য পাওয়া যেতে পারে।
যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়,৪.১২নং প্রশ্নে যান।
৪.৭আমি কি চিকিৎসার কাগজ-পত্র দেখতে পারি?
এই স্বাস্থ্য রের্কড দেখা আমাদের জন্য গুরুত্বপূর্ণ। প্রশ্ন জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়,৪.১২নং প্রশ্নে যান।
উত্তর যদি হ্যাঁ হয় এবং দেখতে অনুমতি দেয় তাহলে সমস্ত প্রতিলিপি এন্ট্রি করুন।
স্ক্রীনের প্রশ্ন দেখুন "আপনার কি সাম্প্রতিক ভিজিট এবং সর্বশেষ নোট জানা আছে? " নীচের এক পাতায় তথ্য লিখুন

- সাম্প্রতিক ভিজিটের তারিখ আছে
- দ্বিতীয় সাম্প্রতিক ভিজিটের তারিখ আছে
- সর্বশেষ নোটের তারিখ আছে
- জানিনা

রেকর্ডগুলো পড়ুন এবং প্রজোয্য অনুসারে সমস্ত বক্স মার্ক করুন এবং ক্রমানুযায়ী প্রাপ্ত তথ্যগুলো পাতায় এন্ট্রি করুন। সাম্প্রতিক ভিজিটের তারিখ বক্সে মার্ক করলে আরেকটি পেজ আসবে যেখানে তারিখ এবং বাচ্চার ওজন লেখার সুযোগ থাকবে।

৪.৮ চিকিৎসার কাগজ-পত্র দেখে সাম্প্রতিক ভিজিটের তারিখ লিখুন।

সাল ঃ---------------------(৪ সংখ্যার ডিজিট এন্ট্রি করুন ,জানা না থাকলে ৯৯৯৯ এন্ট্রি করুন)

মাস ঃ----------------------(মাসের ডিজিট এন্ট্রি করুন ,জানুয়ারী = ১...,মাসের নাম জানা না থাকলে ৯৯ এন্ট্রি করুন)

তারিখঃ--------------------- (দিনের ডিজিট এন্ট্রি করুন (১-৩১), জানা না থাকলে ৯৯ এন্ট্রি করুন)

৪.৯ চিকিৎসার কাগজ-পত্র দেখে সাম্প্রতিক দুইটি ওজন লিখুন।

ওজনের কোন রকম পরিবর্তন শিশুটির মৃত্যুর পুর্বের শারীরিক অবস্থার গুরুত্বপূর্ণ নির্দেশক।

ওজন রেকর্ড করুন।

- গ্রাম (পরবর্তী পেজে এন্ট্রি করুন)
- কিলোগ্রাম (পরবর্তী পেজে এন্ট্রি করুন)
- অনিচ্ছা
- অজানা

৪.১০ চিকিৎসার কাগজ-পত্র দেখে

সাল ঃ---------------------(৪ সংখ্যার ডিজিট এন্ট্রি করুন ,জানা না থাকলে ৯৯৯৯ এন্ট্রি করুন)

মাস ঃ---------------------(মাসের ডিজিট এন্ট্রি করুন (জানুয়ারী = ১) মাসের নাম জানা না থাকলে ৯৯ এন্ট্রি করুন)

তারিখঃ--------------------(দিনের ডিজিট এন্ট্রি করুন (১-৩১), জানা না থাকলে ৯৯ এন্ট্রি করুন)

৪.১১ চিকিৎসার কাগজ-পত্র দেখে সাম্প্রতিক দুইটি ওজনের তারিখ লিখুন।

ওজনের কোন রকম পরিবর্তন শিশুটির মৃত্যুর পুর্বের শারীরিক অবস্থার গুরুত্বপূর্ণ নির্দেশক।

ওজন রেকর্ড করুন।

- গ্রাম (পরবর্তী পেজে এন্ট্রি করুন)
- কিলোগ্রাম (পরবর্তী পেজে এন্ট্রি করুন)
- অনিচ্ছা
- অজানা

৪.১২ সর্বশেষ নোট লেখার তারিখটি লিখুন)

কখন সে চিকিৎসা গ্রহন করেছিল তা তারিখ দেখে বুঝা যাবে।

সাল ঃ---------------------(৪ সংখ্যার ডিজিট এন্ট্রি করুন ,জানা না থাকলে ৯৯৯৯ এন্ট্রি করুন)

মাস ঃ---------------------(মাসের ডিজিট এন্ট্রি করুন (জানুয়ারী = ১) মাসের নাম জানা না থাকলে ৯৯ এন্ট্রি করুন)

তারিখঃ--------------------(দিনের ডিজিট এন্ট্রি করুন (১-৩১), জানা না থাকলে ৯৯ এন্ট্রি করুন)

৪.১৩ নোটটি লিখে দিন।
ট্রান্সক্রাইব নোট এর নীচের স্পেসে স্পর্শ করুন এবং পপ-আপ কিবোর্ডে হুবহু মেডিকেল রেকডটি লিখুন ।

৪.১৪ শিশুটির কি মৃত্যু প্রত্যয়ন পত্র আছে
মৃত্যুর কারণ জানার জন্য মৃত্যু সনদ গুরুত্বপূর্ণ,কারণ আমরা শিশুটির মৃত্যুর কারণ মৃত্যু সনদ থেকে জানতে পারি।
প্রশ্ন জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়,সেকসন-৫ এ চলে যান ।

৪.১৫আমি কি মৃত্যু প্রত্যয়ন পত্র দেখতে পারি?
সঠিক তথ্য বের করার জন্য এটা খুব গুরুত্বপূর্ণ।
প্রশ্ন জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয় সেকসন-৫ এ চলে যান ।
উত্তর যদি হ্যাঁ হয় এবং মৃত্যু প্রত্যায়ন পত্র দেখার অনুমতি পাওয়া যায় তাহলে প্রতিলিপি লিপিবদ্ধ করুন।
যদি প্রশ্ন নং ৪.১২ এবং প্রশ্ন নং ৪.১৩ হ্যাঁ হয় ,তাহলে স্ক্রীনে যা আসবে তা অনুসরন করুন ।

- ☐ মৃত্যুর তাৎক্ষনিক কারণ
- ☐ মৃত্যুর প্রথম অন্তর্নিহিত কারণ
- ☐ মৃত্যুর দ্বিতীয় অন্তর্নিহিত কারণ
- ☐ মৃত্যুর তৃতীয় অন্তর্নিহিত কারণ
- ☐ মৃত্যুর সহযোগী কারণ
- ☐ অজানা

মৃত্যুসনদ পড়ুন এবং উপযুক্ত বক্সসমুহ মার্ক করুন। এক্ষেত্রে একাধিক উত্তর হতে পারে। প্রতিটি চেককৃত বক্সের জন্য পরবর্তী পৃষ্ঠা আসবে, সেখানে মৃত্যুর কারণ লিখুন।.যদি মৃত্যু সনদে একটি কারণ থাকে তাহলে শুধমাত্র প্রথম বক্স চেক করুন এবং মৃত্যুর কারণ লিখুন।

৪.১৬ মৃত্যু সনদ থেকে পাওয়া মৃত্যুর তাৎক্ষনিক কারণ রেকর্ড করুন।
মুত্যু সনদে মৃত্যুর কারণের তালিকায় এটি সবার প্রথমে থাকবে। প্রথম বক্সটি স্পর্শ করলে একটি স্পেস আসবে, সেখানে মৃত্যুর তাৎক্ষনিক কারণ এন্টার করুন। যদি মৃত্যু সনদে একটি কারণ থাকে তাহলে শুধমাত্র প্রথম বক্স চেক করুন এবং মৃত্যুর কারণ লিখুন।

৪.১৭ মৃত্যু সনদ থেকে পাওয়া মৃত্যুর প্রথম অন্তর্নিহিত কারণ রেকর্ড করুন।
মুত্যু সনদে মৃত্যুর কারণের তালিকায় এটি মৃত্যুর তাৎক্ষনিক কারণের পরে থাকবে। এই বক্সটি স্পর্শ করলে একটি স্পেস আসবে, সেখানে মৃত্যুর প্রথম অন্তর্নিহিত কারণ এন্টার করুন।

৪.১৮ মৃত্যু সনদ থেকে পাওয়া মৃত্যুর প্রথম অন্তর্নিহিত কারণ রেকর্ড করুন।
মুত্যু সনদে মৃত্যুর কারণের তালিকায় এটি মৃত্যুর তাৎক্ষনিক প্রথম অন্তর্নিহিত কারণের পরে থাকবে। এই বক্সটি স্পর্শ করলে একটি স্পেস আসবে, সেখানে মৃত্যুর দ্বিতীয় অন্তর্নিহিত কারণ এন্টার করুন।

৪.১৯মৃত্যু সনদ থেকে পাওয়া মৃত্যুর প্রথম অন্তর্নিহিত কারণ রেকর্ড করুন।

মুত্যু সনদে মৃত্যুর কারণের তালিকায় এটি মৃত্যুর তাৎক্ষনিক দ্বিতীয় অন্তর্নিহিত কারণের পরে থাকবে। এই বক্সটি স্পর্শ করলে একটি স্পেস আসবে, সেখানে মৃত্যুর তৃতীয় অন্তর্নিহিত কারণ এন্টার করুন।

৪.২০সার্টিফিকেট থেকে মৃত্যুর সহযোগী কারণ লিখুন।
মুত্যু সনদে মৃত্যুর কারণের তালিকায় এটি মৃত্যুর তাৎক্ষনিক তৃতীয় অন্তর্নিহিত কারণের পরে দ্বিতীয় পার্টে থাকবে। এই বক্সটি স্পর্শ করলে একটি স্পেস আসবে, সেখানে মৃত্যুর সহযোগী কারণ এন্টার করুন।

## সেকশন ৫: বর্ণনামূলক উত্তর এবং সাক্ষাৎকার গ্রহনকারীর মন্তব্য /পর্যবেক্ষণ

***সাক্ষাৎকার গ্রহণকারীর প্রতি নির্দেশিকাঃ****সেকশন ৫ হলো বর্ণনামূলক সেকশন। এই তথ্য মৃত্যুর সম্ভাব্য কারণ নির্ণয়ে ভুমিকা রাখতে পারে। যেহেতু ট্যাবলেটে কাহিনি লেখা এবং অনুবাদ করা সময় সাপেক্ষ ব্যাপার, সেজন্য স্মার্ট ভিএতে বর্ণনামূলক অংশের জন্য ৬ কিওয়ার্ডের একটি চেকলিস্ট (যেমন জন্মের সময় শ্বাসকষ্ট(অক্সিজেনের অভাব), নবজাতক গরম রাখার যন্ত্র ইত্যাদি) অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে সাক্ষাৎকার গ্রহণকারীকে পুরো সাক্ষাৎকার রেকর্ড করা না লাগে। এই চেকলিস্টটি এমন কিছু শব্দের তালিকা নিয়ে গঠিত যা উত্তরদাতা যখন মৃত্যুর ঘটনা বর্ণনা করার সময় উল্লেখ করবেন তখন সাক্ষাৎকার গ্রহণকারী সেই চেকলিস্ট থেকে উপযুক্ত শব্দটি মার্ক করবেন।*

*এইসব অতিরিক্ত তথ্য কিভাবে জিজ্ঞেস করতে হবে এবং কিভাবে বর্ণনামূলক সেকশন শুরু করার আগে কিওয়ার্ড এন্ডর্স করতে হবে তা নিচে বর্ণনা করা হয়েছে।*

***সাক্ষাৎকার গ্রহণকারীর প্রতি নির্দেশঃ*** *দীর্ঘ সময় যাবৎ বিভিন্ন প্রশ্নের উত্তর দানের জন্য উত্তরদাতাকে ধন্যবাদ জানান। এই অসুস্থতা এবং এই মৃত্যু সম্পর্কে এখানে বর্ণিত বিষয়ের বাইরে অতিরিক্ত কিছু জানলেও তা বলুন।*
*উত্তরদাতা তার নিজের ভাষায় কি বলে তা শুনুন। উত্তরদাতা বলার পর যতক্ষণ পর্যন্ত না বলে যে, আর কিছু ছিল না - ততক্ষণ পর্যন্ত আপনি তাকে বাধা দিবেন না। উত্তরদাতা যদি নীচের রোগগুলির মধ্যে কোনটি উল্লেখ করে সেটি চিহ্নিত করুন। উত্তরদাতাকে থামতে বলুন এবং পুনরায় বলতে বলুন। যদি সে নিজে আগ্রহী হয়ে কিছু বলেন তাহলে আপনি সেই রোগটি চিহ্নিত করতে সময় পাবেন। উপযুক্ত বক্সগুলো মার্ক করুন। এক্ষেত্রে একাধিক উত্তর হতে পারে।*

নবজাতকের চেকলিস্ট

| | কি ওয়ার্ডস | উল্লেখ করা হয়েছে |
|---|---|---|
| ৫.১ | জন্মের সময় শ্বাসকষ্ট(অক্সিজেনের স্বল্পতা) | ☐ |
| | নবজাতক গরমে রাখার যন্ত্র | ☐ |
| | ফুসফুসের সমস্যা | ☐ |
| | নিউমোনিয়া | ☐ |
| | সময়ের আগেই জন্ম | ☐ |
| | শ্বাসকষ্ট | ☐ |

৫.২তালিকা থেকে কোন রোগের লক্ষণ বলা হয় নাই তা নিশ্চিত করুন।

যদি ৫.১ প্রশ্নে কোন মার্ক করা না হয়ে থাকে সেক্ষেত্রে আরেকটি স্ক্রিন আসবে কোন কিওয়ার্ড সিলেক্ট করা হয়নি তা নিশ্চিত হওয়ার জন্য। উপযুক্ত বক্সটি মার্ক করুন।

- ○ কোন রোগের লক্ষণ বলা হয় নাই
- ○ অজানা

**ধন্যবাদ দিয়ে এই মডিউল টি শেষ করুন।**

## ৭:শিশু মৃত্যুর জন্যে বয়স-ভিত্তিক মডিউল

**সাক্ষাৎকার গ্রহণকারীর প্রতি নির্দেশনা:** ট্যাবটি স্বয়ংক্রিয়ভাবেএই মডিউলটি সিলেক্ট করবে যখন মৃত শিশুটির বয়স ২৯ দিন থেকে ১১ বছরের ভিতরে হয়। এই মডিউলের অর্ন্তভুক্ত:

- শিশুর আঘাত বা দুর্ঘটনা
- পটভুমি
- শিশুর মৃত্যু
- স্বাস্থ্য রেকর্ড
- ওপেন রেসপন্স ( ১০ কিওয়ার্ড চেকলিস্ট)

### সেকশন ১: শিশুর আঘাত বা দুর্ঘটনা

১.১শিশুটি কোন আঘাত বা দূর্ঘটনায় পতিত হয়েছিল কি ?

"আঘাত" মানে হচ্ছে কোন ব্যক্তিকে বাইরে থেকে আঘাত করা,এটা হতে পারে যেমন শারীরিক আঘাত, পড়ে যাওয়া, বিষক্রিয়া অথবা কামড়ের জন্য। এর মধ্যে দুর্ঘটনা জনিত এবং নিজের ইচ্ছায় দুটোই অন্তর্ভুক্ত।প্রশ্নটি জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন ।

প্রশ্ন জিজ্ঞেস করুন এবং যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

উত্তর যদি না, অজানা বা অনিচ্ছা হয়তাহলে চেক করুন, ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবেস্কিপ হয়ে সেকসন ২ তে যাবে ।

১.২ কি ধরনের আঘাত বা দূর্ঘটনায় পতিত হয়েছিল?

প্রত্যেক টি প্রশ্ন  ধারাবাহিকভাবে জিজ্ঞেস করুন এবং  যেগুলোর উত্তর হ্যাঁ সেগুলো চেক/টাচ করুন। "অন্যান্য" বক্সে মার্ক করলে পরবর্তী পেজে একটা স্পেস আসবে যেখানে আঘাতের ধরন রেকড করা যাবে। যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ সড়ক দূর্ঘটনা
- ○ পড়ে যাওয়া
- ○ পানিতে ডুবে যাওয়া
- ○ বিষক্রিয়া
- ○ বিষাক্ত প্রাণীর কামড়
- ○ পুড়ে যাওয়া
- ○ অপমৃত্যু(আত্মহত্যা,হত্যা,নির্যাতন)
- ○ অন্যান্য আঘাত, নির্দিষ্ট করুন (..........................)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

১.৩ এই আঘাত বা দূর্ঘটনাটি কি অন্য কারোর দ্বারা সংঘটিত হয়েছিল ?

আমরা জানতে চাই যে এই আঘাত বা দূর্ঘটনাটি অন্য কারোর দ্বারা সংঘটিত হয়েছিল কিনা ।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ হ্যাঁ
- ○ না
- ○ অনিচ্ছা
- ○ অজানা

ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে স্কিপ হয়ে সেকসন ৪ তে যাবে।

## সেকশন ২: পটভুমি

২.১ মৃত শিশুটির মা কি এখনো বেচে আছেন ?

মা যদি এ সময়ে উপস্থিত না থাকে ,তাহলে জিজ্ঞেস করুন মৃত শিশুটির মা কি বেচেঁ আছেন ?

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন

- ○ হ্যাঁ
- ○ না

যদি মা বেঁচে থাকেন , ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে স্কিপ হয়ে ২.৪ প্রশ্নে চলে যাবে ।

২.২ মৃত শিশুটির মা প্রসবের সময় না প্রসবের পরে মারা গেছেন?

যদি মা  না বেচেঁ থাকেন তাহেলে জিজ্ঞেস করুন মা  কি প্রসবের সময় না প্রসবের পরে মারা গেছেন।

যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ প্রসবের সময়
- ○ প্রসবের পরে
- ○ অনিচ্ছা
- ○ অজানা

যদি মা প্রসবের সময় মারা গিয়ে থাকেন ,ট্যাবলেট স্বয়ংক্রিয়ভাবে স্কিপ হয়ে ২.৪ প্রশ্নে চলে যাবে

২.৩ প্রসবের কতক্ষন পর মা মারা গেছেন?

প্রশ্ন জিজ্ঞেস করুন এবং রের্কড করুন মাস অথবা দিনে। যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন । ‘‘দিন’’ অথবা ‘‘মাস’’ বাটনটি মার্ক করলে পরবর্তী পেজে একটি স্পেস আসবে যেখানে পপ আপ কিবোর্ডে প্রসবের কতক্ষন পর মা মারা গেছেন লিখতে হবে। যদি মা ডেলিভারীর পর ২৪ ঘন্টার কম সময়ে মারা যেয়ে থাকে তাহলে ০০ দিন রেকর্ড করুন । মাসের সংখ্যা নির্ণয়ের জন্য ১ মাস = ২৮ দিন ব্যবহার করুন ।

- ○ মাস ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ দিন ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৪ কোথায় শিশুটির জন্ম হয়েছিল?

কোথায় ডেলিভারীর হয়েছিল তা উপযুক্ত বক্সে মার্ক করুন । "হাসপাতাল" (ইন পেশেন্ট সুবিধা সম্পন্ন ) এবং অন্যান্য স্বাস্থ্যকেন্দ্র (ডিসপেনসারি,স্বাস্থ্যকেন্দ্র বা প্রাইভেট ক্লিনিক যেখানে রুগিদেরকে আউট পেশেন্ট হিসেবে গন্য করা হয় ) পৃথক করুন। যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন। অন্যান্য মার্ক করলে আপনাকে স্পেস দেয়া হবে সেখানে সঠিক স্থান টি লিখুন।

- ○ হাসপাতাল
- ○ অন্যান্য স্বাস্থ্যকেন্দ্র
- ○ হাসপাতাল বা অন্যান্য স্বাস্থ্যকেন্দ্র যাওয়ার পথে
- ○ বাড়ীতে
- ○ অন্যান্য ,নির্দিষ্ট করুন (..........................)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৫ জন্মের সময় মৃত শিশুটি দেখতে কেমন ছিল?

প্রশ্নের প্রথম পার্টটি পড়ুন এবং তারপর প্রথম চারটি উত্তর ধীরে ধীরে বলুন। উত্তরদাতাকে ছবিগুলো দেখান (স্ক্রিনে) যাতে করে তিনি যেন শিশুটির জন্মের সময় কেমন ছিল তা বুঝতে এবং মনে করতে পারেন। উত্তরদাতা প্রথমে চারটি উত্তরই জেনে বুঝে উত্তর দিবেন। আমরা জানতে চাই শিশুটি ছোট হয়েছিল নাকি বড় হয়েছিল কারণ দুটোই সমস্যার কারণ হতে পারে। যেকোন একটি রেডিও বাটন মার্ক করুন।

- ○ খুবই ছোট
- ○ স্বাভাবিকের চেয়ে ছোট
- ○ প্রায় স্বাভাবিক
- ○ স্বাভাবিকের চেয়ে বড়
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৬ মারাত্মক অসুখটি যখন শুরু হয় তখন শিশুটির বয়স কত ছিল?

প্রশ্ন জিজ্ঞেস করুন এবং রের্কড করুন বছরে, মাস অথবা দিনে। যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন । ‘‘বছর’’ ,‘‘দিন’’ অথবা ‘‘মাস’’ বাটনটি মার্ক করলে পরবর্তী পেজে একটি স্পেস আসবে যেখানে পপ আপ কিবোর্ডে মারাত্মক অসুখটি যখন শুরু হয় তখন শিশুটির বয়স কত ছিল লিখতে হবে। যদি ২৪ ঘন্টার কম বয়স হয়ে থাকে তাহলে ০০ দিন রেকর্ড করুন । মাসের সংখ্যা নির্ণয়ের জন্য ১ মাস = ২৮ দিন ব্যবহার করুন ।

- ○ বছর ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ মাস ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ দিন ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৭ অসুখটি কতক্ষন স্থায়ী ছিল?

রেকর্ড করুন শিশুটি কতদিন অসুস্থ ছিল । যে কোন একটি রেডিও বাটন মার্ক করুন । ‘‘দিন’’ অথবা ‘‘মাস’’ বাটনটি মার্ক করলে পরবর্তী পেজে একটি স্পেস আসবে যেখানে পপ আপ কিবোর্ডে মারাত্মক অসুখটি কতদিন স্থায়ী ছিল লিখতে হবে। যদি ২৪ ঘন্টার কম স্থায়ী হয়ে থাকে তাহলে ০০ দিন রেকর্ড করুন । মাসের সংখ্যা নির্ণয়ের জন্য ১ মাস = ২৮ দিন ব্যবহার করুন । আর যদি অজানা হয় তাহলে ৯৯ এন্টার করুন ।

- ○ দিন ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ মাস ( এন্টার করুন পরবর্তী পেজ এ)
- ○ অনিচ্ছা
- ○ অজানা

২.৮মৃত্যু সময় শিশুটির বয়স কত ছিল?

